ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ভারতের সবচেয়ে ধনী নায়িকা ঐশ্বরিয়া, সম্পত্তির পরিমাণ কত — পৃঃ ৫



কোহলি বাবরের 'শিক্ষক'! — পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৩৪ ● কলকাতা ● ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩১ ● শনিবার ● ১৮ মে, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ঝাড়গ্রামের সভায় গিয়ে মমতার মুখে শোনা গেল ছত্রধর মাহাতোর নাম





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : আর বাকি তিন দফা। দিন যত গড়াচ্ছে ততই যেন আক্রমণের ঝাঁঝ আরও বাড়িয়ে চলেছেন মমতা। এবার ঝাড়গ্রামের সভায় গিয়ে একেবারে সিপিএম-বিজেপির বিরুদ্ধে করলেন অল আউট অয়াটাক অ্যাটাক। ঝাড়গ্রামের সভায় গিয়ে মমতার মুখে শোনা গেল ছত্রধর মাহাতোর নামও। বললেন, "ছত্রধর মাহাতো কবে জেল থেকে ছাড়া পেয়ে গিয়েছে।এখানেই না থেমে ক্রমেই পদ্ম শিবিরের বিরুদ্ধে আরও চাঁচাছোলা ভাষায় আক্রমণ শানিয়ে বলেন, "আমাদের চোর বলছে, কিন্তু সবথেকে বড় চোর তো বিজেপি। দেশটাকে বেচে দিয়েছে। সব টাকা পকেটে ভরেছে। মোদীবাবু তোমার টাকার দাম কত আর মানুষের জীবনের দাম কত একবার ভেবে দেখেছ!" মমতার দাবি, বিজেপি মিথ্যা কথা বলছে। এসব করেই ভীষণভাবে মিথ্যা কথা বলার চেষ্টা করছে। ভোটে জিতলেই এনআরসি করে সবার ধর্ম বাতিল করে দেবে। এদিকে ষষ্ঠ দফায় ঘাটাল, মেদিনীপুরের সঙ্গে ভোট রয়েছে ঝাড়গ্রামে। শেষবেলার প্রচারে তৃণমূলের পাশাপাশি ঝাঁপিয়েছে বিজেপিও। এখন দেখার শেষ হাসি কে হাসে।২০০৮ সালে সিপিএমের আমলে আমরা ওকে ছাড়ালাম। যেদিন আমরা ওকে ছাড়ালাম সেদিন ওকে ঝাড়খণ্ডে বিজেপি একটা কেস দিয়ে গ্রেফতার করে নিয়ে চলে গেল। আমার সেই দিনের কথা মনে আছে। আমি প্রথম জঙ্গলমহলে প্রথম যাঁর হাত ধরে ঢুকি তাঁর নাম ছত্রধর মাহাতো। লালগড়ের ওদিকে চিতামণি নামে এক বয়স্ক মহিলার কান কেটে নেওয়া হয়েছিল। তিনজন গুলি খেয়ে মারা গিয়েছিল সিপিএমের হার্মাদের দ্বারা।"

এরপরই ফের সিএএ নিয়ে বিজেপির বিরুদ্ধে আক্রমণের সুর চড়িয়ে মমতা বলেন,

এরপর ৩ পাতায়

## মমতাকে নিয়ে কুরুচি মন্তব্যের জন্য নির্বাচন কমিশনার শোকজ করলো অভিজিৎকে





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : মমতা বন্দ্যোপাধ্যায়কে লক্ষ্য করে লোকসভা ভোটের প্রচারসভা থেকে কিছু মন্তব্য করেছিলেন প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। সেই মন্তব্যের জন্য তাঁকে দোষী সাব্যস্ত করল জাতীয় নির্বাচন কমিশন। এ ব্যাপারে অভিজিৎকে কারণ দর্শানোর নোটিস দিয়ে কমিশন জানিয়েছে, প্রাক্তন বিচারপতির ওই মন্তব্য "সর্বার্থে বেঠিক, বিচারবুদ্ধিহীন, শালীনতার সীমালঙ্ঘনকারী এবং কুরুচিকর।"

বৃহস্পতিবারই অভিজিতের মন্তব্যের কড়া সমালোচনা করেছিল তৃণমূল। এ ব্যাপারে এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে তারা লিখেছে, "ভদ্রতার সীমা লঙ্ঘন করেছেন অভিজিৎ। তিনি এতটাই নীচে নেমেছেন যে, রাজ্যের মুখ্যমন্ত্রী এবং দেশের একমাত্র মহিলা মুখ্যমন্ত্রীর দাম ঠিক করছেন! জনসমক্ষে এ কথা বলে তিনি শুধু মুখ্যমন্ত্রীকেই অসম্মানিত করেননি। বাংলার মহিলাদেরও অসম্মান করেছেন।" অভিজিতের ওই মন্তব্যের জন্য তাঁকে 'নারীবিরোধী' বলে মন্তব্য করে এ ব্যাপারে জাতীয় নির্বাচন কমিশনকে পদক্ষেপ করার আর্জি জানিয়েছিল তৃণমূল। পরে অভিযোগ করেছিল কমিশনে। শুক্রবার তৃণমূলের সেই অভিযোগ যথার্থ বলে মান্যতা দিল কমিশন।বুধবার হলদিয়ার চৈতন্যপুরে একটি সভা থেকে মুখ্যমন্ত্রীর নাম করে আক্রমণ করেছিলেন অভিজিৎ। তিনি বলেছিলেন, "মমতা বন্দ্যোপাধ্যায় তুমি কত টাকায় বিক্রি হও?" হলদিয়ার ওই সভার একটি ভিডিয়োও প্রকাশ্যে আসে । সেখানে অভিজিৎকে বলতে শোনা যায়, "তৃণমূল বলছে, রেখা পাত্রকে কেনা হয়েছিল ২০০০ টাকায়! মমতা বন্দ্যোপাধ্যায় তুমি কত টাকায় বিক্রি হও? তোমার হাতে কেউ ৮ লক্ষ টাকা গুঁজে দিলে চাকরি হয়, কেউ ১০ লক্ষ টাকা দিলে রেশন হাওয়া হয়ে যায়! কেন তোমার দাম ১০ লক্ষ টাকা? তুমি কেয়া শেঠকে দিয়ে মুখে মেকআপ করাও বলে? আর রেখা পাত্র গরিব মানুষ, লোকের বাড়িতে কাজ করে, আমাদের প্রার্থী। সে জন্য তাঁকে ২০০০ টাকায় কেনা যায়? এক জন মহিলা হয়ে উনি এক মহিলা সম্পর্কে এ কথা বলেন কী করে? উনি আদৌ মহিলা কি না তা নিয়ে সন্দেহ আছে আমার!"অভিজিতের এই মন্তব্যের উল্লেখ করে রাজ্যের শাসকদল তাঁর কড়া নিন্দা করে। অভিজিতের মন্তব্যের ইংরেজি তর্জমা-সহ কমিশনেও তাঁর বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছিল তৃণমূল। শুক্রবার সেই

এরপর ৩ পাতায়

## বিজেপি মহিলা নেত্রী পিয়ালী দাস ওরফে মাম্পিকে অবিলম্বে মুক্তি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : লোকসভা নির্বাচনের মধ্যেও বড়সড় ধাক্কা খেল রাজ্য, পুলিশ - প্রশাসন। বিজেপি মহিলা নেত্রী পিয়ালী দাস ওরফে মাম্পিকে অবিলম্বে মুক্তি দিতে হবে। কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত এই নির্দেশ দিলেন। ব্যক্তিগত বন্ডে জামিন দিয়েছে কলকাতা হাইকোর্ট।

সন্দেশখালি কান্ড নাড়িয়ে দিয়েছে রাজ্য সরকারকে।

ব্যক্তিগত বন্ডে জামিন দিলেন বিচারপতি জয় সেনগুপ্ত। পিয়ালির বিরুদ্ধে দায়ের হওয়া এফআইআরের একমাত্র জামিন অযোগ্য ধারার প্রয়োগের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেওয়া হল। বাকি ধারার ক্ষেত্রে তদন্ত চলবে।

জেলা পুলিশ সুপারের নজরদারিতে সেই তদন্ত চলবে। আদালতের অনুমতি ছাড়া চূড়ান্ত রিপোর্ট পেশ করবে না পুলিশ। শুক্রবার এই নির্দেশ দিয়েছেন বিচারপতি জয় সেনগুপ্ত। আগামী ১৯ জুন পরবর্তী শুনানি।স্থানীয় পুলিশ প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছিল। অতি সম্প্রতি সন্দেশখালিতে পুলিশ ধরপাকড় শুরু করে। বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপির প্রার্থী রেখা পাত্র আন্দোলনে অন্যতম মুখ। তার সহযোগী সন্দেশখালির বাসিন্দা পিয়ালী দাস ওরফে মাম্পি।

পুলিশ তার বিরুদ্ধে জামিন অযোগ্য ধারায় মামলা দেয়। জামিন নিতে বসিরহাট আদালতে গিয়েছিলেন মাম্পি। কিন্তু আদালতের নির্দেশে তাকে গ্রেফতার করা হয়। ১২ দিনের জন্য জেল হেফাজতে মাম্পিকে পাঠানো হয়। পুলিশ প্রথম জামিন যোগ্য ধারায় মামলা করেছিল। পরে সেগুলি বদলে জামিন অযোগ্য ধারায় মামলা দেওয়া হয়।

পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন

এরপর ৩ পাতায়

## সাত সকালে তৃণমূল নেতার বাড়িতে হাজির কেন্দ্রীয় সংস্থা সিবিআই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : সাত সকালে তৃণমূল নেতার বাড়িতে হাজির কেন্দ্রীয় সংস্থা সিবিআই। একজন নয়, সিবিআই-এর নজরে একাধিক তৃণমূল নেতা। মোট ৩০ জন তৃণমূল নেতাকে নোটিস পাঠিয়ে হাজিরার নির্দেশ দিয়েছে সিবিআই। ভোট প্রচারের জন্য কেউ হাজিরা দেননি বলে জানা গিয়েছে। এরপর আজ শুক্রবার একাধিক নেতার বাড়িতে পৌঁছন তদন্তকারীরা। হাইকোর্টের নির্দেশে এই মামলায় একাধিক তৃণমূল নেতার নাম থাকলেও দিন মূলত দুই তৃণমূল নেতার বাড়িতে সিবিআই হানা দেয়। মারিশদা থানা এলাকার ভাজাচাউলির সিজুয়া গ্রামের নন্দদুলাল মাইতির বাড়িতে যায় সিবিআই। নন্দদুলাল মাইতির ছেলে বুদ্ধদেব মাইতির খোঁজখবর শুরু করে তারা। বুদ্ধদেব মাইতি কর্মসূত্রে হাওড়াতে থাকেন। নন্দ মাইতি এবং তাঁর স্ত্রীর ভোটার কার্ড, আধার কর্া দেখতে চায় সিবিআই। পাশাপাশি তৃণমূল নেতা দেবব্রত পণ্ডার বাড়িতেও হাজির হয় সিবিআই।

পাশাপাশি আইএনটিটিইউসি জেলা সভাপতি বিকাশ বেজের বাড়িতে গেলেও সেখানে আপাতত তালা লাগানো রয়েছে। বাড়িতে নেই পরিবারের কেউ। এ ছাড়াও এলাকায় আরও কয়েকজন তৃণমূল নেতার বাড়ির খোঁজ করছে বলে জানা গিয়েছে।

এই প্রসঙ্গে তৃণমূল নেত্রী শশী পাঁজা বলেন, আত্মবিশ্বাসের এত অভাব। এবার ৪০০ পার তো দূরের কথা কেন্দ্রে সরকারই গঠন করতে পারবে না বিজেপি।বেশ কিছু নথি দেখা হয়েছে বলে জানা যাচ্ছে। ভোট পরবর্তী হিংসার মামলায় এই তল্লাশি চালানো হয়েছে।

মূলত ২০২১-এর বিধানসভা নির্বাচনের আগে বিজেপি নেতা খুনের ঘটনায় কাঁথি ৩ নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি বিকাশ বেজ সহ ৩০ জন তৃণমূল নেতাকে নোটিস পাঠিয়ে হাজিরার নির্দেশ দেয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

২০২১-এর বিধানসভা নির্বাচনের সময় কাঁথি তিন নম্বর ব্লকের তৃণমূল কংগ্রেসের ব্লক সভাপতি নন্দ মাইতিকে তুলে নিয়ে গিয়ে বেধড়ক মারধরের অভিযোগ ওঠে এলাকার দাপুটে বিজেপি নেতা জন্মেজয় দলুইয়ের বিরুদ্ধে। ভোট পরবর্তী সময়ে ওই বিজেপি কর্মী জন্মেঞ্জয় দলুইকে পাল্টা মারধর করে তুলে নিয়ে যাওয়ার অভিযোগ ওঠে তৃণমূল কংগ্রেসের

এরপর ৩ পাতায়



## কেজরীবালের সঙ্গে হাওয়ালা অপারেটরের চ্যাট রেকর্ডের সন্ধান পেয়েছে ইডি



**সংবাদ দাতা : নিউজ সারাদিন** : দিল্লির আবগারি দুর্নীতি সংক্রান্ত বেআইনি আর্থিক লেনদেন সংক্রান্ত মামলার শুনানিতে সুপ্রিম কোর্টে চাঞ্চল্যকর দাবি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার। ইডির দাবি, অরবিন্দ কেজরীবালের সঙ্গে হাওয়ালা অপারেটরের চ্যাট রেকর্ডের সন্ধান পেয়েছে তারা। এদিকে এদিন স্পেশাল পাবলিক প্রসিকিউটরকে সঙ্গে নিয়ে ইডির অফিসাররা পৌঁছে গিয়েছিলেন দিল্লিতে রাউস এভিনিউ কোর্টে।কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি, অরবিন্দ কেজরীবাল তাঁর মোবাইলের পাসওয়ার্ড দিতে রাজি না হওয়ায়, বিকল্প পথ ব্যবহার করেছেন এজেন্সির অফিসাররা। হাওয়ালা অপারেটরদের মোবাইলের থেকে এই তথ্য উদ্ধার করা হয়েছে বলে দাবি কেন্দ্রীয় এজেন্সির।সেখানে দিল্লির আবগারি দুর্নীতি মামলায় আরও একটি সাপ্লিমেন্টারি চার্জশিট জমা দিয়েছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। আবগারি কেলেঙ্কারি মামলায় এই নিয়ে আট নম্বর চার্জশিট জমা দিল ইডি। সেই চার্জশিটে অভিযুক্তের তালিকায় দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীবালেরও নাম রেখেছে কেন্দ্রীয় এজেন্সি।দিল্লির মুখ্যমন্ত্রী কেজরীবালের বিরুদ্ধে এটাই প্রথম চার্জশিট জমা পড়ল আদালতে। শুধু কেজরীর নামই নয়, গোটা আম আদমি পার্টির নাম চার্জশিটে অভিযুক্ত হিসেবে তালিকাভুক্ত করা হয়েছে বলে দাবি ইডির। বৃহস্পতিবার অতিরিক্ত সলিসিটর জেনারেল এস ভি রাজু সুপ্রিম কোর্টে জানান, "আমাদের কাছে প্রত্যক্ষ প্রমাণ রয়েছে যে অরবিন্দ কেজরীবাল একটি সাত-তারা হোটেলে ছিলেন এবং সেই হোটেলের আংশিক বিল মিটিয়েছিল এই মামলার এক অভিযুক্ত।" দিল্লির আবগারি নীতি নির্ধারণের ক্ষেত্রে কেজরীবালের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল বলেও আদালতে দাবি করে কেন্দ্রীয় এজেন্সি।

## বিজেএমসিতে যোগ দেন ১৫০ জন



**মালদা: নিউজ সারাদিন** : আজ, উত্তর মালদা বিজেএমসির নেতৃত্বে, ১৫০ টিএমসি কর্মী ও সমর্থক বিজেএমসিতে যোগ দিয়েছেন। উপরের লোকেরা বিজেএমসি জেলা নেতৃত্ব মনোতোষ সরকার ও জেলা সভাপতি অতুল সরকারের নেতৃত্বে বিজেএমসির মাধ্যমে বিজেপিতে যোগদান করেন। বিজেএমসির জাতীয় সভাপতি মিঠু চ্যাটার্জি উপরোক্ত তথ্য জানান। এই সময় জেলা নেতা সাগর গৌর, বিজেএমসির জাতীয় সম্পাদক রাজু আয়েঙ্গার, বিজেএমসির রাজ্য মহিলা সেল নেত্রী তুমা মাইতি প্রমুখ সভায় বক্তব্য রাখেন।

## লোকসভা ভোটের মধ্যেই খাস কলকাতা থেকে উদ্ধার কোটি কোটি টাকা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : লোকসভা ভোটের মধ্যেই খাস কলকাতা থেকে উদ্ধার কোটি কোটি টাকা! বিগত কয়েক মাসে রাজ্যের একাধিক জায়গা থেকে উদ্ধার হয়েছে টাকার পাহাড়। নিয়োগ দুর্নীতি সহ একাধিক দুর্নীতি মামলার অভিযানে বহুবার টাকা উদ্ধারের ঘটনা সামনে এসেছে। ভোটের আবহেও অ্যাকশনে দেখা গিয়েছে ইডি , সিবিআই, আয়কর দফতরকে ।এখানেই শেষ নয়! সূত্র মারফৎ আরও জানা যাচ্ছে, ওই ব্যবসায়িক সংস্থার ২টি অফিসে হানা দিয়ে প্রায় ১ কোটি টাকা উদ্ধার করা হয়েছে। দুই অফিস থেকেই উদ্ধার হয়েছে বিপুল অর্থ। জানা যাচ্ছে, বুধবার রাত থেকেই শুরু হয়েছিল চিরুনি তল্লাশি। বৃহস্পতিবার সামনে আসে টাকার পাহাড় উদ্ধারের খবর।এবার যেমন পঞ্চম দফার নির্বাচনের আগে শহর কলকাতা থেকে উদ্ধার হল টাকার পাহাড়!

এরপর ৪ পাতায়

## কলকাতায় পরিকাঠামোর উন্নতির সাথে সাথে বিজঙ্গো

### স্টিল ও অ্যালুমিনিয়াম ক্রয়ে ডিজিটালাইজেশন এবং অর্থায়ন করবে



**কলকাতা, ১৪ই মে ২০২৪: নিউজ সারাদিন** : যেহেতু কলকাতা বিদ্যুৎ খাতে উল্লেখযোগ্য সংস্কারের পাশাপাশি পরিকাঠামোগত উন্নয়নে উৎসাহ পাওয়ায়, ইস্পাত এবং অ্যালুমিনিয়ামের মতো প্রয়োজনীয় কাঁচামালের চাহিদা বাড়ছে। বিজঙ্গো, একটি ই২ই প্ল্যাটফর্ম যা সরবরাহ চেইন অর্থায়ন এবং সমন্বিত কাঁচামাল ক্রয় সমাধান প্রদান করে, ইস্পাত এবং অ্যালুমিনিয়াম ক্রেতাদের জন্য দ্রুত অর্থায়ন এবং দক্ষ সংগ্রহ পদ্ধতি সহজতর করে এই অঞ্চলে দ্রুত বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে।

শহুরে গতিশীলতার একটি উল্লেখযোগ্য উন্নতির জন্য, কলকাতায় ১৫,৪০০ কোটি টাকার বেশ কয়েকটি সংযোগ প্রকল্পের পরিকল্পনা করা হয়েছে, ভারতের প্রথম জলের নীচে মেট্রো লাইন শহরের পরিকাঠামো উন্নয়নে একটি বড় মাইলফলক চিহ্নিত করে৷ মেট্রোর মতো শহরের পরিকাঠামো প্রকল্পগুলি ছাড়াও, কলকাতায় ১৫,৩০৩টি আবাসিক ইউনিট চালু হয়েছে, যা বছরে ৮৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা শহরে আবাসনের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে ডেভেলপারদের সক্রিয় প্রতিক্রিয়ার ইঙ্গিত দেয়। এই বহুমুখী প্রবৃদ্ধি শহরের বৈচিত্র্যময় উন্নয়ন ল্যান্ডস্কেপের সাথে সামঞ্জস্য রেখে ক্রয় ও অর্থায়নে গ্রহণযোগ্য সমাধানের প্রয়োজনীয়তার উপর জোর দেয়।

তুষার কামাত, বিজঙ্গোর চিফ বিজনেস অফিসার বলেন, "কলকাতা দ্রুত পরিকাঠামোগত উন্নয়নের একটি কেন্দ্র হিসাবে আবির্ভূত হচ্ছে, বিদ্যুৎ এবং বৈদ্যুতিকীকরণ ক্ষেত্র থেকে শুরু করে আবাসিক ক্ষেত্র পর্যন্ত বিভিন্ন ক্ষেত্রে বৃদ্ধি পেয়েছে। বিজঙ্গোতে, আমরা শহরের অর্থনৈতিক অগ্রগতিতে অবদান রাখার জন্য নিবেদিত। আমাদের প্ল্যাটফর্মটি একটি নিরবিচ্ছিন ক্রেতা যাত্রা সরবরাহ করে, অনুসন্ধান এবং অর্ডার প্লেসমেন্ট থেকে শুরু করে রিয়েল-টাইম অর্ডার ট্র্যাকিং এবং ৩০টিরও বেশি আর্থিক প্রতিষ্ঠান থেকে সহজ অর্থায়ন পর্যন্ত সমস্ত কিছু অন্তর্ভুক্ত করে সমস্ত কিছুই ব্যবহারকারী-বান্ধব মোবাইল অ্যাপের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য। আমাদের লক্ষ্য আগামী তিন থেকে পাঁচ বছরের মধ্যে একাধিক বিভাগকে অন্তর্ভুক্ত করার জন্য আমাদের প্ল্যাটফর্মটি প্রসারিত করা, যা কলকাতার বৃদ্ধির গল্পে আমাদের অবদানকে আরও বাড়িয়ে তুলবে।"

বিজঙ্গো নেক্সট এমএসএমই এবং বৃহত উদ্যোগের জন্য একটি ওয়ান-স্টপ বিজনেস ফাইন্যান্সিং মোবাইল ভিত্তিক অ্যাপ্লিকেশন সরবরাহ করে যা একক ক্লিকে ৩০ টিরও বেশি ঋণদাতাদের অ্যাক্সেস করতে পারে, ১০০ শতাংশ ডিজিটাল ডকুমেন্টেশন এবং স্বয়ংক্রিয়-যাচাইকৃত ডেটা সহ দ্রুত ক্রেডিট অনুমোদন। ই২ই সাস স্টার্টআপটি অ্যাপ্লিকেশন এবং নিষেধাজ্ঞার গতি সক্ষম করে স্বয়ংক্রিয়ভাবে যাচাইকৃত ব্যাঙ্ক স্টেটমেন্ট এবং অন্যান্য নথি আনতে সংহতকরণের মাধ্যমে আর্থিক আবেদন প্রক্রিয়াটি সহজ করে নিজেকে আলাদা করে। একই সাথে, পণ্যের গতিবিধি, ক্রেডিট ইতিহাস ইত্যাদি সহ রিয়েল-টাইম, যাচাইযোগ্য লেনদেন-স্তরের ডেটার মাধ্যমে, প্ল্যাটফর্মটি আর্থিক প্রতিষ্ঠানগুলিকে তাদের নিশ্চয়তার সিদ্ধান্তগুলি উন্নত করতে সক্ষম করে।

মোবাইল অ্যাপ-টি কাঁচামালের দামের সাথে সমস্ত সরবরাহকারীদের একত্রিত দৃষ্টিভঙ্গি দেওয়ার জন্য একটি এআই-চালিত প্ল্যাটফর্ম হিসাবেও কাজ করে, ক্রেতাদের সঠিক দামে কেনার আরও বিকল্প দেয়। এটি অনুকূলিত ক্রয়ের মাধ্যমে ব্যয় সাশ্রয়ে অনুবাদ করে এবং লেনদেনের ডিজিটালাইজেশনের মাধ্যমে লাভ বাড়ায়।







## আমাজন মিনিটিভি প্রকাশ করল

# জামনাপার-এর ট্রেলার, শিকড় আলিঙ্গন করার দুর্দান্ত ছবিতে অভিনয় করেছেন ঋত্বিক শাহোরে, বরুণ বাদোলা, সৃষ্টি গাঙ্গুলি রিন্দানি ও রঘু রাম

### জামনাপার বিশেষভাবে দেখানো হবে আমাজন মিনিটিভিতে ২৪ মে থেকে বিনামূল্যে




**কলকাতা, ১৬ মে, ২০২৪: নিউজ সারাদিন** : আমাজনের ফ্রি ভিডিও স্ট্রিমিং সার্ভিস আমাজন মিনিটিভি একটি চমৎকার কাহিনির মাধ্যমে দর্শকদের সঙ্গে একাত্ম হতে তৈরি, যা হল আসন্ন আকাঙ্ক্ষামূলক ড্রামা জামনাপার। এই স্ট্রিমিং সার্ভিস আজ এই সিরিজের অফিসিয়াল ট্রেলার প্রকাশ করেছে, যা তুলে ধরেছে শান্তনু বনসল ওরফে শ্যাঙ্কির কয়েক ঝলক। পূর্ব দিল্লির সাধারণ পরিবার থেকে দক্ষিণ দিল্লির গগনচুম্বী আবাসন, এই ন্যারেটিভ ঘুরেছে শ্যাঙ্কির জীবনকে কেন্দ্র করে কেননা এটা হল আত্ম-আবিষ্কারের একটি যাত্রা এবং তার শিকড়ের গর্বিত অনুসন্ধান। এই ছবিতে একঝাঁক প্রতিভাবান অভিনেতার মধ্যে আছেন ঋত্বিক শাহোরে, বরুণ বাদোলা, রঘু রাম, সৃষ্টি গাঙ্গুলি রিন্দানি ও অঙ্কিতা সায়গল। জামনাপার বিশেষভাবে স্ট্রিম হবে আমাজন মিনিটিভিতে ২৪ মে থেকে বিনামূল্যে।

পূর্ব দিল্লিতে তার বড় হওয়ার সময় নিরাপত্তাহীনতার সঙ্গে লড়াই করা শ্যাঙ্কির বিশ্বাস যে তার জীবনে সাফল্য ও সুখ আসবে যদি দক্ষিণ দিল্লির ঝলমলে জগতে একটি কাজ পেতে সক্ষম হয়। যদিও, যখন সে এই পদক্ষেপ করে, সে সম্মুখীন হয় জটিলতার, নিজেকে আবিষ্কার করে পরিবার ও বিকাশের ওপরে নিজের নৈতিকতাকে ত্যাগ করার মধ্যে! পরিবার, বন্ধুত্ব ও আত্ম-পরিচয়ের মূল্যবোধের ওপর গুরুত্ব দিয়ে পরে শ্যাঙ্কি শেখে যে প্রকৃত আনন্দ আসতে পারে একমাত্র নিজের শিকড় খোঁজা এবং সেই বন্ধনকে উপভোগ করার মধ্য দিয়ে যা আমাদের বেঁধে রাখে। আমাজন মিনিটিভির হেড অব কনটেন্ট আমোঘ দুসাড বলেছেন, 'দুর্দান্ত এবং চিন্তা-উদ্রেককারী কনটেন্ট প্রদান করার জন্য আমাদের প্রতিজ্ঞাবদ্ধতাকে উপস্থাপন করে জামনাপার, যা জীবনের সর্বক্ষেত্রের দর্শকদের একাত্মক করবে। এই সিরিজে রয়েছে আজকের দিনের অত্যন্ত প্রাসঙ্গিক কাহিনি যা ঘোরাফেরা করে শিকড়, পরিচিতি, প্রগতি ও বিকাশের সঙ্গে পারিবারিক বন্ধন এবং এর সঙ্গে জড়িত জটিলতা।'

এই সিরিজের অন্যতম অভিনেতা ঋত্বিক শাহোরে বলেছেন, 'জামনাপারে শ্যাঙ্কির চরিত্রে অভিনয় করাটা অভিনেতা হিসেবে আমার কাছে একটি রূপান্তরমূলক অভিজ্ঞতা। নিজের শিকড় খোঁজা ও আকাঙ্ক্ষার পূরণের জন্য শ্যাঙ্কির লড়াই গভীরভাবে আমার সঙ্গে মিলে যায় এবং আমি গর্বিত যে এই কাহিনিকে জীবন্ত করার সুযোগ পেয়ে। আমি অত্যন্ত আনন্দিত যে এই সিরিজ আমাজন মিনিটিভিতে লভ্য হবে যা গোটা দেশের দর্শকদের কাছে পৌঁছবে যা এর দুরন্ত স্টোরিলাইন আগাগোড়া উপভোগ করবেন। শ্যাঙ্কির চরিত্রের মাধ্যমে আমি শিখেছি কারো সত্তাকে জড়িয়ে ধরার গুরুত্ব এবং পরিবার ও বন্ধুত্বের বন্ধন উপভোগ করা। আশা করি আমাদের দর্শকরা এই যাত্রায় উদ্বুদ্ধ হবেন এবং তাঁদের শিকড় খোঁজায় শক্তি পাবেন।'

এই সিরিজে সারা চরিত্রে অভিনয় করছেন সৃষ্টি গাঙ্গুলি রিন্দানি, তিনি বলেছেন, 'জামনাপারের অংশ হওয়াটা একটা রোমাঞ্চকর অভিজ্ঞতা। এই সিরিজ একইসঙ্গে আকর্ষক ও গভীর, জড়িয়ে রয়েছে সত্তা, পরিবার এবং স্বপ্ন সাকার করার সঙ্গে। এই প্রজেক্টে কাজ করাটা অভিনেতা ও একজন ব্যক্তি হিসেবে আমাকে নতুন গভীরতা আবিষ্কার করতে দিয়েছে। এই শো দর্শকদের একাত্মক করবে একটি প্রাসঙ্গিক ন্যারেটিভের সঙ্গে আর পাশাপাশি বার্তা দেবে নিজের কাছে সৎ থাকার। আমাদের সঙ্গে দর্শকরা কবে এই যাত্রায় অংশ নেবে তার জন্য আর তর সইছে না।'

রজত থাপ্পারের চরিত্রে অভিনয় করেছেন রঘুরাম। তিনি বলেছেন, 'জামনাপার হল সাফল্য ও গ্রহণযোগ্যতার দিকে যাত্রায় আমরা যেসব চ্যালেঞ্জ জটিলতার সম্মুখীন হই তারই প্রতিফলন। পাঁচ বঝর জামনাপারে বাস করা ফলে, আমি শুধু এই কাহিনির সঙ্গে একাত্ম হইনি, বরং এইসঙ্গে আমার চরিত্রের সঙ্গেও একাত্মতা অনুভব করেছি যা এই প্রজেক্টকে আমার কাছে আরও স্পেশাল করে তুলেছে। এটা এমন এক কাহিনি যার অংশ হতে পারে আমি গর্বিত এবং এই অবিস্মরণীয় যাত্রায় দর্শকরা কখন যোগ দেবেন তার জন্য অধীর আগ্রহে প্রতীক্ষা করছি।'

দিল্লির জীবনের সামাজিক প্রত্যাশার সঙ্গে জড়িত জটিলতার বাস্তব চিত্র জামনাপার স্ট্রিম একমাত্র আমাজন মিনিটিভিতে ২৪ মে থেকে একেবারে ফ্রি আমাজন শপিং অ্যাপ, প্রাইম ভিডিও, ফায়ার টিভি, স্মার্ট টিভিতে অথবা প্লে স্টোর থেকে অ্যাপ ডাউনলোড করে দেখা যেতে পারে।

ট্রেলার লিংক: https://www.youtube.com/watch?v=OUuIBKxSbTo&feature=youtu.be

## শেখ শাহজাহানের ১৪ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করল ই ডি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন** : বিগত বেশ কয়েক মাস ধরেই অশান্তি অব্যাহত সন্দেশখালিতে। এসবের মধ্যেই এবার শেখ শাহজাহানের ১৪ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করল ই ডি। যদিও এর আগেও, তহবিল তছরুপ প্রতিরোধ আইন বা পিএমএলএ-র আওতায় তার ১২ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করেছিল ইডি। প্রসঙ্গত ৫ মার্চ শাহজাহানের ১২ কোটির সম্পত্তি বাজেয়াপ্ত করার সময়েই জানানো হয়েছিল বিভিন্ন অপরাধের মাধ্যমে অর্জিত অর্থ, বিভিন্ন অস্থাবর সম্পত্তি তৈরি করে লুকিয়ে রেখেছিল শাহজাহান।

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## বিজেপি মহিলা নেত্রী পিয়ালী দাস ওরফে মাম্পিকে অবিলম্বে মুক্তি

তুলে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল মাম্পির আইনজীবী। অবিলম্বে মাম্পি দাসকে জামিন দিতে হবে। এই দাবি তোলা হয়। গতকাল বিচারপতি অমৃতা সিনহার এজলাসে এই মামলার শুনানি হয়েছিল। পুলিশ প্রশাসন নতুন করে কোনও মামলা দিতে পারবে না। শনিবার পর্যন্ত পুলিশ কোনও ব্যবস্থা নেবে না। বিচারপতি অমৃতা সিনহা এই নির্দেশ দিয়েছিলেন।

গতকাল পিয়ালী দাস সাময়িক স্বস্তি পেয়েছিলেন। বিচারপতি জয় সেনগুপ্তর এজলাসে ফের এই মামলা ওঠে। সেখানে সম্পূর্ণ স্বস্তি পেলেন। এ কথাই দাবি করছেন বিজেপি নেতাদের একটা অংশ। সন্দেশখালির পিয়ালী দাসকে অবিলম্বে মুক্তি দিতে হবে। এদিন এই নির্দেশ জানিয়ে দিলেন বিচারপতি জয় সেনগুপ্ত।

১-ম পাতার পর

## মমতাকে নিয়ে কুরুচি মন্তব্যের জন্য নির্বাচন কমিশনার শোকজ করলো অভিজিৎকে

অভিযোগেরই জবাব এল কমিশনের কাছ থেকে। কমিশন জানিয়েছে, তমলুকের বিজেপি প্রার্থী অভিজিৎ ওই মন্তব্যে শুধু রুচিহীনতার পরিচয়ই দেননি, তিনি নির্বাচনের সময়ে জারি থাকা আদর্শ আচরণবিধিও লঙ্ঘন করেছেন।

এই মর্মে কমিশন আগামী সোমবার, ২০ মে, বিকেল ৫টার মধ্যে অভিজিৎকে তাঁর ওই আচরণের কারণ দর্শানোর নির্দেশ দিয়েছে। কমিশন জানতে চেয়েছে, কেন ওই মন্তব্যের জন্য অভিজিতের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করা হবে না? কমিশন এ-ও জানিয়েছে যে, যথা সময়ে অভিজিৎ যদি নোটিসের জবাব না দেন, তবে কমিশন ধরে নেবে এ ব্যাপারে তাঁর কিছু বলার নেই এবং পরবর্তী কালে তার ভিত্তিতেই অভিজিতের বিরুদ্ধে আদর্শ আচরণবিধি ভঙ্গের দায়ে পদক্ষেপ করা হবে।

১-ম পাতার পর

## ঝাড়গ্রামের সভায় গিয়ে মমতার মুখে শোনা গেল ছত্রধর মাহাতোর নাম

আপনি যখন সিএএ-র জন্য আপিল করবেন আপনাকে বিদেশি বলে বাতিল করে দেওয়া হবে। যাঁদের ছবি দিয়েছে তাঁদের মধ্যে কিছু আফগান আছে। যাঁদের সঙ্গে বাংলার সম্পর্ক নেই। পুরো মিথ্যা। দেখে মানুষ ভাববে সত্যি। কিন্তু ওটা মিথ্যা। ভোটের আগে রাজনীতি। ভোটের পরে এলাকা থেকে তাড়িয়ে দেবে। জেলে ভরে দেবে। ওদের কোনও গ্যারান্টি নেই।

১-ম পাতার পর

## সাত সকালে তৃণমূল নেতার বাড়িতে হাজির কেন্দ্রীয় সংস্থা সিবিআই

বিরুদ্ধে। পরে ফাঁকা মাঠ থেকে পুলিশ উদ্ধার করে ওই বিজেপি কর্মীর দেহ। সেখান থেকেই মামলার সূত্রপাত।ওই বিজেপি কর্মীর পরিবারের পক্ষ থেকে ও বিজেপির পক্ষ থেকে অভিযোগ তোলা হয়, তৃণমূলের স্থানীয় নেতাকর্মীরাই এই খুন করছে। মৃত বিজেপি কর্মীর পরিবারের পক্ষ থেকে সিবিআই তদন্তের দাবি জানানো হয়। পরবর্তীতে সেই তদন্তভার যায় সিবিআই-এর হাতে। সেই মামলার তদন্তে নেমে ২ দফায় মোট ৩০ জন তৃণমূল নেতাকে তলব করে সিবিআই।

এবার লোকসভা ভোট চলাকালীন, বিরোধী দলনেতার জেলায় গেল সিবিআই। সকালে দুই তৃণমূল নেতার বাড়ি-সহ একাধিক জায়গায় কেন্দ্রীয় গোয়েন্দারা ঢুকে জিজ্ঞাসাবাদ করে। মারিশদার সিজুয়া গ্রামে সকাল ৬টা থেকে কেন্দ্রীয় বাহিনী দিয়ে তৃণমূল নেতার বাড়ি ঘিরে ফেলেন তদন্তকারীরা। তারপর বাড়িতে ঢুকে শুরু হয় জিজ্ঞাসাবাদ।

## সংবাদ মাধ্যম নিরপক্ষ নয়, তাই সাংবাদিক বৈঠক করেন না প্রধানমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১০ বছরের প্রধানমন্ত্রিত্ব কালে একটিও সাংবাদিক সম্মেলন করেননি নরেন্দ্র মোদি । খুব সামান্য কিছু সাক্ষাৎকার দিয়েছেন। এক সর্বভারতীয় সংবাদমাধ্যমের চার সাংবাদিকের মুখোমুখি হয়েছিলেন তিনি। প্রধানমন্ত্রীকে প্রশ্ন করা হয় কেন তিনি সাংবাদিকদের মুখোমুখি হন না। কারণ দর্শালেন তিনি, বললেন সংবাদমাধ্যম এখন আর আগের মতো নেই। প্রধানমন্ত্রী বলেন, "আমি এক নতুন কর্মসংস্কৃতি এনেছি, মিডিয়ার তা পছন্দ হলে বলবে, না হলে বলবে না।" এরপর তিনি বলেন, সংবাদমাধ্যম এখন আর কোনও আলাদা সত্তা নয়। আগে জনগণের সঙ্গে যোগাযোগের একমাত্র উপায় ছিল সংবাদমাধ্যম কিন্তু এখন সোশ্যাল মিডিয়ার সৌজন্যে তাকে ছাড়াই আম জনতার সঙ্গে যোগাযোগ করা যায়। তাছাড়া মোদির মতে, তিনি জবাব দিতে বাধ্য সংসদে এবং সেখানেই সমস্ত প্রশ্নের উত্তর দেন।

মোদি জানান, সংবাদমাধ্যম এখন এক অন্য পথে ব্যবহৃত হচ্ছে, সেই পথে তিনি যেতে চান না। তিনি আরও বলেন, "আমাকে কঠোর পরিশ্রম করতে হয়। আমি দরিদ্র মানুষের বাড়ি যেতে চাই। আমি বিজ্ঞান ভবনের ফিতে কেটে ছবি তুলতেই পারি, কিন্তু আমি তা করি না। আমি ঝাড়খণ্ডের একটা ছোট্ট গ্রামে চলে যাই, সেখানে ছোট প্রকল্পের কাজ করি।"




## মেরিলের পরবর্তী প্রজন্মের Myval THV সিরিজ

### বিশ্বব্যাপী হার্ট ভালভ সেক্টরে ভারতের বড় সাফল্য এনেছে : সফল প্রাথমিক ফলাফল EuroPCR 2024 (ইউরোপিসিআর ২০২৪)-এ প্রকাশিত হয়েছে, যা লেট ব্রেকিং ট্রায়ালের স্ট্যাটাস লাভের সাথে এলএএনসিইটি দ্বারা মর্যাদার সাথে গ্রহণ করা হয়েছে।"

**মেরিল লাইফ সায়েন্সেসের ল্যান্ডমার্ক ট্রায়াল, মাইভাল ট্রান্সক্যাথেটার হার্ট ভালভ সিরিজের সুরক্ষা এবং কার্যকারিতা তুলে ধরার মাধ্যমে EuroPCR 2024 (ইউরোপিসিআর ২০২৪)-এ একটি গুরুত্বপূর্ণ সাম্প্রতিক পরীক্ষা হিসাবে আবির্ভূত হয়েছে। ৩১টি সাইট জুড়ে ৭৬৮ জন রোগীকে নিয়ে করা এই পরীক্ষাটি গবেষণা এবং রোগীর সুস্থতার প্রতি মেরিলের নিষ্ঠাকে তুলে ধরে।**

**কলকাতা, ১৫ মে, ২০২৪: নিউজ সারাদিন :** মেরিল লাইফ সায়েন্সেসের আনন্দের খবর! EuroPCR 2024 (ইউরোপিসিআর ২০২৪), প্যারিস, ফ্রান্সে ১৫ মে তারিখে ল্যান্ডমার্ক ট্রায়ালের ৩০ দিনের প্রাথমিক ফলাফল উপস্থাপন করা হয়েছে। ইন্টারভেনশনাল কার্ডিওলজির ক্ষেত্রে বর্তমান পদ্ধতিগুলিকে পুরোপুরি বদলে দেওয়ার সম্ভাবনা রয়েছে এমন শীর্ষ তিনটি গুরুত্বপূর্ণ ট্রায়ালের মধ্যে একটি হিসাবে EuroPCR (ইউরোপিসিআর) ল্যান্ডমার্ক ট্রায়ালকে স্বীকৃতি দিয়েছে।

ল্যান্ডমার্ক গবেষণায় দেখা গেছে যে, নিরাপত্তা ও কার্যকারিতার ক্ষেত্রে Myval THV (মাইভাল টি.এইচ.ভি) সিরিজের পারফর্ম্যান্স সমসাময়িক টিএচভি সিরিজের চেয়ে কম কার্যকর নয় (২৪.৭% বনাম ২৭.০%, প্রাইমারি কম্পোজিট এন্ডপয়েন্ট, যা মৃত্যু, স্ট্রোক, গুরুতর রক্তক্ষরণ, গুরুতর কিডনি ইনজুরি, ধমনীর গম্ভীর জটিলতা, মধ্যম বা তীব্র ভালভ রিগার্জিটেশন এবং থার্ড ভালভ একাডেমিক রিসার্চ কনসোর্টিয়ামের ঐকমত্য অনুযায়ী নতুন স্থায়ী পেসমেকার ইমপ্লান্টেশনের প্রয়োজন) প্রাইমারি কম্পোজিট এন্ডপয়েনটর উপাদানগুলিতে কোনো পার্থক্য ছিল না। প্রক্রিয়া কক্ষ থেকে বের হওয়ার সময় প্রযুক্তিগত সফলতা, ৩০ দিনে ডিভাইসের সফলতা এবং ৩০ দিনে প্রাথমিক নিরাপত্তা সহ অন্যান্য সেকেন্ডারি এন্ডপয়েনটগুলি উভয় গ্রুপের ক্ষেত্রেই তুলনীয় ছিল।

ল্যান্ডমার্ক ট্রায়ালের চেয়ারম্যান ও গবেষণা পরিচালক অধ্যাপক সেরুইস বলেছেন, "Myval THV (মাইভাল টি.এইচ.ভি) সিরিজ হল নতুন প্রজন্মের টিএচভি ডিভাইস; এটি স্যাপিয়েন ও ইভোলিউট টিএচভি সিরিজের চেয়ে কোনো অংশে খারাপ নয়। Myval THV (মাইভাল টি.এইচ.ভি) সিরিজের একটি অনন্য সাইজ ম্যাট্রিক্স রয়েছে, যাতে প্রচলিত, মধ্যবর্তী এবং অতিরিক্ত-বড় ব্যাসগুলি ১.৫ মিমি করে বাড়তে থাকে যা প্রতিটি রোগীর মাল্টি স্লাইস সিটি স্ক্যান-নির্ধারিত এওরটিক অ্যানুলাস এলাকার সাথে মিলে যায় এবং সঠিকভাবে ফিট করে। ফলস্বরূপ, এটি ইকোকার্ডিওগ্রাফিতে একটি উন্নত কার্যকর ওরিফিস এরিয়া প্রদান করে, যা দীর্ঘস্থায়ীত্ব এবং দীর্ঘমেয়াদী ক্লিনিকাল ফলাফলে প্রভাব ফেলতে পারে। এছাড়াও, মাইভাল অক্টাকোর এর নকশা অন্যান্য সমসাময়িক ডিজাইনের তুলনায় অনন্য। এটিতে আছে অস্টভূজ আকারের দুটি সারি এবং প্রসারিত অবস্থায় মাত্র ১৯% কম ফোরশর্টেনিং, যা এই ডিজাইনের অনন্য বৈশিষ্ট্য।"

Myval THV (মাইভাল টি.এইচ.ভি) সিরিজের মাপগুলির একটি বহুমুখী পরিসর রয়েছে যা শুধুমাত্র প্রথাগত মাপ (২০ মিমি, ২৩ মিমি, ২৬ মিমি, ২৯ মিমি) নয় বরং মধ্যবর্তী (২১.৫ মিমি, ২৪.৫ মিমি, ২৭.৫ মিমি) এবং অতিরিক্ত-বড় আকার (৩০.৫ মিমি এবং ৩২ মিমি) প্রদান করে। এই মানানসই সাইজিং ম্যাট্রিক্স কার্ডিওলজিস্টদের উপযুক্ত ভালভের আকার নির্বাচন করতে সাহায্য করে, এইভাবে অত্যধিক অতিরিক্ত বা কম আকার এড়ানো সম্ভব। ল্যান্ডমার্ক ট্রায়ালে, ৪৮.১% রোগীর মধ্যে Myval THV (মাইভাল টি.এইচ.ভি) সিরিজের মধ্যবর্তী আকার বসানো হয়েছিল।

ভালভ ইফেক্টিভ অরিফিস এরিয়া (EOA) এর পরিপ্রেক্ষিতে হেমোডাইনামিক ফলাফলগুলি ২৩, ২৬ এবং ২৯ মিমি Myval THV (মাইভাল টি.এইচ.ভি) সিরিজের জন্য স্যাপিয়েন টিএচভি সিরিজের তুলনায় উল্লেখযোগ্যভাবে ভাল ছিল, যদিও প্রাক-প্রক্রিয়াগত বলয়াকার ক্ষেত্রে কোন উল্লেখযোগ্য পার্থক্য ছিল না। টিএচভি-এর মধ্যবর্তী আকারের দীর্ঘমেয়াদী সুবিধাগুলি পরবর্তী ১০-বছর পর্যন্ত ফলো-আপের সময় আরও অধ্যয়ন করা হবে।

বিশ্বব্যাপী প্রধান গবেষক, প্রফেসর আন্দ্রেয়াস বাউমবাখের মতে, "ল্যান্ডমার্ক ট্রায়ালে দেখা গেছে যে Myval THV (মাইভাল টি.এইচ.ভি) সিরিজটি সমসাময়িক টিএচভি সিরিজের মতোই নিরাপদ এবং কার্যকর। এটি দৈনন্দিন ক্লিনিকাল অনুশীলন এবং সকল রোগীর জন্য তৈরি একটি কৃত্রিম ভালভ। মধ্যবর্তী ব্যাসের হওয়ার এই বিশেষ বৈশিষ্ট্যটি আরও সঠিক মাপ নির্ধারণের অনুমতি দেয়, যার ফলে দীর্ঘমেয়াদী ফলাফল উন্নত হওয়ার সম্ভাবনা রয়েছে। আমাদের রোগীদের ১০ বছর পর্যন্ত ফলোআপ করা হবে এবং তিনটি চিকিৎসা গ্রুপের দীর্ঘমেয়াদী ফলাফল দেখা রোমাঞ্চকর হবে।"

মেরিলের কর্পোরেট স্ট্রাটেজি বিভাগের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, মিঃ সঞ্জীব ভাট বলেছেন, "স্ট্রাকচারাল হার্ট ইন্টারভেনশনের সফল উন্নয়নে, ল্যান্ডমার্ক আর সিটি নতুন মাইভাল ট্রান্সক্যাথেটার হার্ট ভালভ (টিএচভি) সিরিজের জন্য চমৎকার ফলাফল প্রকাশ করেছে, এটি অন্যান্য সমসাময়িক টিএচভি ডিভাইসের তুলনায় কম কার্যকরী নয় বলে নিশ্চিত করেছে। ল্যান্ডমার্ক ট্রায়ালের ফলাফল কেবল আমাদের জন্যই না, বরং সমগ্র চিকিৎসা সম্প্রদায়ের জন্য এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে, টিএভিআই গ্রহণকারী রোগীদের জন্য একটি জয়। এই গবেষণাটি শুধুমাত্র Myval THV (মাইভাল টি.এইচ.ভি) সিরিজের সুরক্ষা এবং কার্যকারিতা জোরদারই করে না বরং কঠিন এনাটমিকাল স্ট্রাকচারের ক্ষেত্রেও এর খাপ খাওয়ানোর ক্ষমতাকে তুলে ধরে।"

**ল্যান্ডমার্ক ট্রায়াল সম্পর্কে:** ল্যান্ডমার্ক ট্রায়ালটি ছিল একটি প্রত্যাশিত, রান্ডোমাইজড, মাল্টিসেন্টার, ওপেন-লেবেল, নন-ইনফিরিওরিটি ট্রায়াল। এতে ৭৬৮ জন রোগী অংশগ্রহণ করেছিলেন, যাদের মাইট্রাল স্টেনোসিস চিকিৎসার জন্য ট্রান্সক্যাথেটার এওরটিক ভালভ ইমপ্লানটেশন (ট্যাভি) করা হয়েছিল। ল্যান্ডমার্ক ট্রায়ালের প্রথম রোগী নিবন্ধিত হন ২০২১ সালের ৬ জানুয়ারী এবং শেষ রোগী নিবন্ধিত হন ২০২৩ সালের ৫ ডিসেম্বর। এই ট্রায়ালটিতে ১৬টি দেশের (ব্রাজিল, নিউজিল্যান্ড এবং ইউরোপের কিছু দেশ) ৩১টি সাইট জুড়ে মোট ৭৬৮ জন রোগী অংশগ্রহণ করেছিলেন। ল্যান্ডমার্ক ট্রায়ালের নিরাপত্তা ও কার্যকারিতা নিরূপণকারী ৩০ দিনের প্রাইমারি কম্পোজিট এন্ডপয়েন্ট নির্দেশকগুলো ল্যান্সেটে প্রকাশের জন্য গৃহীত হয়েছে।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৩৪ সংখ্যা ১৮ মে, ২০২৪ শনিবার ০৪ জ্যৈষ্ঠ, ১৪৩১

## সম্পাদকীয়

## কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রক এবং আসাম সরকারের উদ্যোগে আগামীকাল থেকে গুয়াহাটিতে 'ফৌজদারি বিচার প্রশাসনের প্রশ্নে প্রগতির পথে ভারত' শীর্ষক দু'দিনের আলোচনাচক্র

সাম্প্রতিক বছরগুলিতে ভারত সরকার সেকেলে ঔপনিবেশিক আইন-কানুনের বদলে নাগরিক-কেন্দ্রিক এবং গণতান্ত্রিক আইন প্রণালী প্রবর্তনে একের পর এক উদ্যোগ নিয়েছে। এরই অঙ্গ হিসেবে ফৌজদারি বিচার প্রণালীর যথাযথ সংস্কারে বড় ধরণের পদক্ষেপ নেওয়া হয়েছে। ১৮৬০ সালের ইন্ডিয়ান পেনাল কোড, ১৯৭৩ সালের কোড অফ ক্রিমিনাল প্রসিডিওর এবং ১৮৭২ সালের ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্ট-এর জায়গা নিতে চলেছে ভারতীয় ন্যায়সংহিতা ২০২৩, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩ এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ২০২৩। নতুন আইনগুলি প্রযুক্ত হবে ২০২৪ সালের পয়লা জুলাই থেকে। নতুন এইসব আইন বিধি সম্পর্কে সংশ্লিষ্ট নানা পক্ষকে সম্যকভাবে অবহিত করে তুলতে কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রক এবং আসাম সরকারের উদ্যোগে আইআইটি গুয়াহাটির ডঃ ভূপেন হাজারিকা প্রেক্ষাগৃহে ১৮-১৯ মে, ২০২৪ তারিখে 'ফৌজদারি বিচার প্রশাসনের প্রশ্নে প্রগতির পথে ভারত' শীর্ষক আলোচনাচক্রের আয়োজন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা। সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতি হৃষিকেশ রায়, গুয়াহাটি হাইকোর্টের মাননীয় প্রধান বিচারপতি বিজয় বিষ্ণই এবং সিকিম হাইকোর্টের মাননীয় প্রধান বিচারপতি বিশ্বনাথ সমাদ্দার সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়াও থাকবেন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় আইন ও বিচারমন্ত্রী শ্রী অর্জুন রাম মেঘওয়াল এবং ভারতের আইন কমিশনের সদস্য ডঃ রীতা বশিষ্ঠ।

নতুন তিনটি ফৌজদারি আইনের খুঁটিনাটি নিয়ে প্রশ্নোত্তর-ভিত্তিক আলোচনায় যোগ দেবেন উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন আদালতের বিচারক, আইনজীবী, শিক্ষাবিদ, আইন প্রয়োগকারী সংস্থা, প্রশাসন ও পুলিশের প্রতিনিধিরা। এই ধরনের প্রথম সম্মেলনটি নতুন দিল্লিতে আয়োজিত হয় ২০ এপ্রিল, ২০২৪ তারিখে। গুয়াহাটির আলোচনাচক্রে উদ্বোধনী অধিবেশনে ১৮ মে, ২০২৪ তারিখে নতুন তিনটি ফৌজদারি আইনের সামগ্রিক উদ্দেশ্য নিয়ে বক্তারা আলোকপাত করবেন। ১৯ মে, ২০২৪ তারিখে প্রথম পর্বে ভারতীয় ন্যায়সংহিতা ২০২৩ নিয়ে বিশদে আলোচনা হবে। সভায় পৌরহিত্য করবেন গুয়াহাটি হাইকোর্টের মাননীয় বিচারপতি সৌমিত্র সৈকিয়া। দ্বিতীয় পর্বে আলোচনার বিষয়বস্তু ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ২০২৩। এই আলোচনা পর্বে পৌরহিত্যে থাকবেন গুয়াহাটি হাইকোর্টের মাননীয় বিচারপতি দেবাশিস বড়ুয়া। তৃতীয় পর্বে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা নিয়ে আলোচনায় সভাপতিত্ব করবেন গুয়াহাটি হাইকোর্টের বিচারপতি মাননীয় অরুণ দেব চৌধুরী।

## মুনি-ঋষি-ব্রাহ্মণের আধিপত্য



মৃত্যুঞ্জয় সরদার

(ষষ্ঠ পর্ব)

রামচন্দ্রের প্রধান উপদেষ্টা হয়ে পৃষ্ঠপোষকতা করতে থাকলেন।

দুর্বাসা : মহর্ষি অত্রির ঔরসে ও অনসূয়ার গর্ভে দুর্বাসার জন্ম হয়। তপঃপ্রভাবে ইনি তেজের আধার ছিলেন বটে, কোপনস্বভাব ছিলেন বলে অনেকেই তাঁর কোপানলে দগ্ধ হন। ঔর্বমুনির কন্যা কন্দলীকে দুর্বাসা বিবাহ করেন। দুর্বাসা এতটাই কোপনস্বভাবা ও অভিশাপপ্রিয় ছিলেন যে, দুর্বাসাকে দিয়ে প্রতিজ্ঞা করিয়ে নেওয়া হয়েছিলুস্ত্রীর শত অপরাধ পর্যন্ত তিনি মার্জনা করবেন। সেই অনুসারে শত অপরাধের পরের অপরাধে দুর্বাসা স্ত্রীকে অভিপাশ দিয়ে ভস্ম করে দেন। মনে পড়ে গেল মহাভারতের শিশুপালের কথা- শিশুপালকেও ১০০টি অপরাধের পর ১০১ নম্বর অপরাধে শ্রীকৃষ্ণ শিশুপালকে হত্যা করেন। কার্যক্রমে কী মিল!

মহাভারতে পাণ্ডবজননী কুন্তী যখন কুন্তীভোজের গৃহে ছিলেন, তখন তাঁর সেবায় তুষ্ট হয়ে দুর্বাসা তাঁকে 'আহ্বান মন্ত্র' দান করেন। যার ফলে সূর্য, ধর্ম, পবন, ইন্দ্র প্রভৃতি উর্বর রাজাকে আহ্বান করে কুন্তী বিয়ের আগের কর্ণ এবংবিয়ের পরে যুধিষ্ঠির, ভীম ও অর্জুনকে জন্ম দেন।

একবার দুর্বাসা ভ্রমণ করতে করতে এক অপ্সরার হাত থেকে 'সন্তানক' নামে পুষ্পমাল্য লাভ করেন। ওই মালা তিনি ইন্দ্রের ঐরাবতের মাথায় স্থাপন করলে ঐরাবত সেই মালা ছিন্নভিন্ন করে মাটিতে ফেলে দেয়। এই কারণে দুর্বাসা ইন্দ্রকেই অভিশাপ দিয়ে শ্রীভ্রষ্ট করেন। অতিথি আপ্যায়নে উদাসীন হওয়ায় ইনি শকুন্তলাকে অভিশাপ দিলে দুষ্মন্ত কর্তৃক পরিত্যক্ত হন। দুর্বাসার অভিশাপেই শাম্ব যদুবংশনাশক মুষল প্রসব করেন। এর ফলে যদুবংশ ধ্বংস হয়।

এহেন মুনি দুবার্সা মহাভারতের

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## হেমন্তকে জামিন দেয়া যায় কিনা জানতে চাইলো আদালত ইডির কাছে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের অন্তর্বর্তী জামিনের আবেদন সম্পর্কে কেন্দ্রীয় সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)-এর জবাব তলব করল সুপ্রিম কোর্ট। শুক্রবার বিচারপতি সঞ্জীব খন্না এবং বিচারপতি দীপঙ্কর দত্তকে নিয়ে গঠিত শীর্ষ আদালতের বেঞ্চ নির্দেশ দিয়েছে, আগামী ২০ মে-র মধ্যে এ বিষয়ে মতামত জানাতে হবে ইডিকে।প্রসঙ্গত, আবগারি দুর্নীতি মামলায় ধৃত দিল্লির মুখ্যমন্ত্রী তথা আপ প্রধান কেজরীওয়ালকে লোকসভা ভোটে প্রচারের সুযোগ দিতে গত ১০ জুন ২১ দিনের অন্তর্বর্তী জামিনে মুক্তি দিয়েছে সুপ্রিম কোর্ট। হেমন্তের আইনজীবী কপিল সিব্বল সেই উদাহরণ তুলে ধরে গত ১৩ মে শুনানিতে বলেছিলেন, "আমার মক্কেলও চান লোকসভা ভোটে প্রচারের সুযোগ দিয়ে তাঁর অন্তর্বর্তী জামিনের আবেদন মঞ্জুর করা হোক।" যদিও আইন বিশেষজ্ঞের একাংশের মতে কেজরীর মতো হেমন্ত কোনও দলের প্রতিষ্ঠাতা-প্রধান নন। তাই তাঁর ক্ষেত্রে ভিন্ন সিদ্ধান্ত নিতে পারে শীর্ষ আদালত।২১ মে মামলায় শুনানি হবে। ঝাড়খণ্ডে জমি দুর্নীতি সংক্রান্ত বেআইনি আর্থিক লেনদেনের মামলায় গ্রেফতার ঝাড়খণ্ড মুক্তি মোর্চা (জেএমএম) নেতা হেমন্ত লোকসভা ভোটে প্রচারের জন্য অন্তর্বর্তী জামিনের আবেদন জানিয়েছেন সুপ্রিম কোর্টে। গত ১৩ মে 'বেআইনি আর্থিক লেনদেন প্রতিরোধ আইন' (পিএমএলএ) সংক্রান্ত রাঁচীর বিশেষ আদালত হেমন্তের জামিনের আবেদন খারিজ করেছিল। সে দিনই শীর্ষ আদালতের দ্বারস্থ হন জেএমএম প্রতিষ্ঠাতা শিবু সোরেনের পুত্র। তাঁর আর্জি, দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টি (আপ)-র প্রধান অরবিন্দ কেজরীওয়ালের মতো তাঁকেও লোকসভা ভোটে প্রচারের সুযোগ দেওয়া হোক।

জমি সংক্রান্ত আর্থিক দুর্নীতির মামলায় গত ৩১ জানুয়ারি এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) গ্রেফতার করেছিল হেমন্তকে। গ্রেফতারির আগে ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী পদে ইস্তফা দিয়েছিলেন তিনি। ইডির গ্রেফতারিকে 'বেআইনি' বলে অভিযোগ করে শীর্ষ আদালতে আগেই আবেদন জানিয়েছেন হেমন্ত। বিচারপতি খন্না এবং বিচারপতি দত্তকে নিয়ে গঠিত সুপ্রিম কোর্টের বেঞ্চে সেই আবেদনটিও বিচারাধীন।

## কলকাতা মেট্রোর ক্রমবিবর্তন তুলে ধরবে বিআইটিএম

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মেট্রো রেল কলকাতার অন্যতম জীবনরেখা। ভারতের প্রাচীনতম এই মেট্রো পরিষেবা ক্রমাগত তার শাখা-প্রশাখা বিস্তার করে চলেছে। সম্প্রতি দেশের প্রথম নদীর নীচ দিয়ে মেট্রো রেল পরিষেবা শুরু হয়েছে কলকাতাতে। শহরের সবচেয়ে সহজ ও ব্যয়সাশ্রয়ী যাতায়াতের মাধ্যম মেট্রো রেল। বর্তমানে হাওড়া ময়দান পর্যন্ত এই পরিষেবা বিস্তৃত হয়েছে। এরফলে, হাওড়া ও সংলগ্ন জেলাগুলির জনগণ সহজেই যাতায়াত করতে পারছেন। সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে কলকাতা মেট্রো রেলের ভূমিকা বিশেষ গুরুত্বপূর্ণ। আর, একে মান্যতা দিতেই বিড়লা ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনোলজিক্যাল মিউজিয়াম (বিআইটিএম) কলকাতা মেট্রোর এই ক্রমাগত পরিবর্তনকে একটি গ্যালারিতে প্রদর্শন করবে। আন্তর্জাতিক সংগ্রহশালা এক্সপো-র অঙ্গ হিসেবে ১৮ মে এর সূচনা হবে। দর্শকরা কলকাতায় নদীর নীচে এই মেট্রো ব্যবস্থার একটি ক্ষুদ্র সংস্করণ দেখতে পারবেন। থ্রি-ডি মডেলটি দেখাবে কিভাবে নদীর নীচ দিয়ে মেট্রো যাতায়াত করে। অন্য একটি থ্রি-ডি মডেলের মাধ্যমে দেখানো হবে ভূগর্ভস্থ মেট্রো স্টেশন ও মাটির উপরে মেট্রো স্টেশনগুলির বিভিন্ন স্তর। দর্শকরা কলকাতা মেট্রোর পুরনো টিকিট, টোকেন এবং স্মার্ট কার্ডও এই প্রদর্শনীতে দেখতে পাবেন। বিআইটিএম এর নির্দেশক শ্রী এস চৌধুরী সবরকম সহায়তার জন্য মেট্রো রেলের জেনারেল ম্যানেজার শ্রী পি উদয় কুমার রেড্ডি, চিত্র গ্রাহক এবং প্রদর্শনীতে যাঁরা ছবি দেবেন তাঁদের সকলকে ধন্যবাদ জানিয়েছেন। আগামী দিনে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা, বিজ্ঞান অনুসন্ধিৎসু, গবেষক সহ মেট্রো রেলের যাত্রীরা এই গ্যালারি থেকে অনেক কিছু জানতে পারবেন।

## পাটুলিতে প্রচার চালান সায়নী



**কলকাতা: নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনের মহাযুদ্ধ পুরোদমে চলছে এবং নির্বাচনী প্রচারণায় ব্যস্ত সব প্রার্থী। তৃণমূলের যাদবপুর লোকসভা প্রার্থী সায়নী ঘোষও ঝড়ো নির্বাচনী প্রচারে ব্যস্ত। এরই ধারাবাহিকতায় আজ তিনি পাটুলীতে প্রচারণা চালালে মানুষের ভালোবাসা পেয়েছেন। সায়নী ঘোষকে দেখে শিশুরা খুশি । মহিলারা তৃণমূলের যাদবপুর লোকসভা প্রার্থীকে স্বাগত জানান এবং সায়নী ঘোষ বড়দের কাছে তাদের আশীর্বাদ চান। উল্লেখ্য, গতকাল নির্বাচনী প্রচারণায় অসুস্থ হয়ে পড়েন তিনি।

## মায়ের আশীর্বাদ অসীম সাধারণ মানুষ তার প্রমাণ পায় তারাপীঠে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেটাকে কাজে লাগিয়েছি পড়াশোনার মাধ্যমে সব কিছু তথ্য জোগাড় করা,বিভিন্ন পাঠ্যপুস্তক থেকে এসব তথ্য সংগ্রহ করেছি। আজ তা আমার কলমে তুলে ধরছি।রামপুরহাট শহর তান্ত্রিক দেবী তারার মন্দির ও মন্দির-সংলগ্ন শ্মশানক্ষেত্রের জন্য বিখ্যাত। হিন্দু বিশ্বাস অনুযায়ী এই মন্দির ও শ্মশান একটি পবিত্র তীর্থক্ষেত্র। এই মন্দির ৫১ সতীপীঠের অন্যতম বলে কথিত। এই স্থানটির নামও এখানকার ঐতিহ্যবাহী তারা আরাধনার সঙ্গে যুক্ত। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

২ পাতার পর

## শেখ শাহজাহানের ১৪ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করল ই ডি




তারমধ্যেই খোঁজ মিলেছে ১৪টি স্থাবর সম্পত্তির। তাছাড়া সন্দেশখালি এবং কলকাতায় শাহজাহানের অ্যাপার্টমেন্ট, কৃষিজমি, মৎস্য চাষের জমি, বসত এলাকার জমি সমেত প্রচুর সম্পত্তি-ও রয়েছে।ইডি সূত্রে খবর, শাহজাহানের বাজেয়াপ্ত করা এই সম্পত্তির মধ্যেই রয়েছে জমি ও টাকাও রয়েছে।

এসবের মধ্যেই উত্তপ্ত পরিস্থিতিতেই সন্দেশখালিতে অস্থায়ী ক্যাম্প করেছে সিবিআই। জানা যাচ্ছে এই ক্যাম্পেই শাহজাহান ও তার বাহিনীর জমি দখল সংক্রান্ত অভিযোগ জানাবেন সন্দেশখালি গ্রামের মানুষজন। এছাড়া সেখানে মোতায়েন করা হয়েছে কেন্দ্রীয় বাহিনীও। সূত্রের খবর, শাহজান ছাড়াও তার পরিবার ও তাঁদের সম্পত্তিও বাজেয়াপ্ত করা হয়েছে। জানা যাচ্ছ শাহজাহানের পাশাপাশি তাঁর ভাই আলমগীর শেখের জমি সংক্রান্ত মামলায় এই বিরাট মূল্যের সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। প্রসঙ্গত ইতিপূর্বে বহুবার সন্দেশখালির মানুষজন শাহজাহানের বিরুদ্ধে জমি দখল করার অভিযোগ এনেছেন।

শুধু তাই 'সন্দেশখালির বাঘ' বলে পরিচিত শাহজাহানের বিরুদ্ধে অভিযোগ রয়েছে তিনি নাকি সেখানে ভেড়ি করে মাছ চাষ করে কালো টাকা সাদা করেছেন। সেই মামলার তদন্ত প্রক্রিয়ার মধ্যেই ইডি এই পদক্ষেপ নিয়েছে বলে জানা যাচ্ছে।

এখনও পর্যন্ত পাওয়া সূত্রের খবর থেকে জানা যাচ্ছে শাহজাহানের এই দুর্নীতির টাকা যেখানে যেখানে গিয়েছে, অর্থাৎ এযাবৎ ওই টাকায় যে সমস্ত সম্পত্তি কেনা হয়েছে, কিংবা যত টাকা ব্যাঙ্কে রাখা হয়েছে সবটাই বাজেয়াপ্ত করা হয়েছে।

২ পাতার পর

## লোকসভা ভোটের মধ্যেই খাস কলকাতা থেকে উদ্ধার কোটি কোটি টাকা

আগেই সূত্র মারফৎ জানা গিয়েছিল, শহরের ১০টি জায়গায় হানা দিয়েছে আয়কর দফতর । প্রত্যেকটি জায়গায় চলছিল চিরুনি তল্লাশি। আর সেই তল্লাশি থেকে উদ্ধার হয় কাঁড়ি কাঁড়ি টাকা! বৃহস্পতিবারই জানা গিয়েছিল, তিলোত্তমার তিনজন হোর্ডিং ব্যবসায়ীর অফিসে হানা দিয়েছিল আয়কর বিভাগ। শোভাবাজার ১৩এ, মদনমোহনতলা স্ট্রিট- এই ঠিকানা থেকে উদ্ধার হয় প্রচুর টাকা।

সূত্রের খবর, উক্ত সংস্থা তৃণমূল কংগ্রেসের হয়ে বিজ্ঞাপনের কাজ করে। এর বিনিময়ে সরকারি সংস্থার টেন্ডার, কৃষ্ণনগর পৌরসভার টেন্ডার সহ বেশ কিছু সুবিধা পায়! অফিসে হানা দিয়ে বেশ কিছু নথিপত্র উদ্ধার হয়েছে বলে জানা যাচ্ছে। সেখান থেকেই কৃষ্ণনগর পৌরসভার টেন্ডার দুর্নীতির সঙ্গে যুক্ত একজন ব্যবসায়ীর নাম উঠে এসেছে বলে খবর সূত্রের।

যদিও এই প্রথম নয়, এর আগেও বিপুল অর্থ উদ্ধারের সাক্ষী থেকেছে রাজ্যবাসী। ২০২২ সালের জুলাই মাসে যেমন রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের বান্ধবী অর্পিতা মুখোপাধ্যায়ের দুটি ফ্ল্যাটে হানা দিয়ে ৫০ কোটি টাকা উদ্ধার করা হয়েছিল। সেবারও এত টাকা দেখে চোখ কপালে ওঠার জোগাড় হয়েছিল সকলের। এবার ফের ভোটের আবহে এক ব্যবসায়িক সংস্থার অফিস থেকে উদ্ধার হল এত পরিমাণ টাকা!

# সিনেমার খবর

cinema TV

## সুশান্তের মৃত্যু নিয়ে মনোজের চাঞ্চল্যকর তথ্য






**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ২০২০ সালে মুম্বাইয়ের বান্দ্রায় নিজের ফ্ল্যাটে ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয় বলিউডের তরুণ ক্রেজ অভিনেতা সুশান্ত সিংহ রাজপুতের। তবে তার মৃত্যু রহস্য নিয়ে আজও জল্পনার কমতি নেই। সেসময় অভিনেতার মৃত্যু আত্মহত্যা নাকি খুন, তা নিয়েও দীর্ঘদিন চলেছে নানার আলোচনা সমালোচনা। এবার অভিনেতার মৃত্যুর প্রায় ৪ বছর পর তাকে নিয়ে এক চাঞ্চল্যকর তথ্য দিলেন অভিনেতা মনোজ বাজপেয়ী।

এনডিটিভির প্রতিবেদন অনুযায়ী, সম্প্রতি এক সাক্ষাৎকারে মনোজ বাজপেয়ী জানান, মৃত্যুর ১০ দিন আগে সুশান্তের সঙ্গে কথা বলেছিলেন তিনি। ঠিক তখনই তিনি বুঝেছিলেন যে কোন বিষয় নিয়ে সুশান্ত ভেঙে পড়ছেন!

সাক্ষাৎকারে মনোজ বলেন, 'কিছু খবরের জন্য সুশান্ত খুব বিরক্ত ছিল। এই সব খবরের পেছনে কোন সত্যতা ছিল না। ও খুবই ভালো মানুষ ছিল। আর ভালো মানুষ বলেই এই সব খবর পড়ে ওর খারাপ লাগত। ও প্রায়ই জিজ্ঞাসা করত, ওর ঠিক কী করা উচিত। আমি সব সময় ওকে বলতাম, এসব নিয়ে বেশি না ভাবতে।'

মনোজ আরও বলেন, 'ভিত্তিহীন ওই খবরগুলি নিয়েই ওই সময়ে শেষ বারের মতো সুশান্তের সঙ্গে কথা হয়েছিল তার। যার ১০ দিন পরই সুশান্ত চলে গেল! আমি এখনও বিশ্বাস করতে পারি না, সুশান্ত আর ইরফান খান আর নেই। ওরা খুব তাড়াতাড়ি বিদায় নিল এই পৃথিবী থেকে। ওদের তো কাজের আসল সময়টাই শেষ হয়নি তখন!' টেলি নাটকে অভিনয় দিয়ে ক্যারিয়ার শুরু করলেও বলিউডে বেশ কিছু হিট সিনেমা উপহার দিয়েছেন প্রয়াত সুশান্ত সিং রাজপুত। তার অভিনীত সর্বশেষ ছবি ছিল 'দিল বেচারা'। ছবিটি মুক্তি পায় অভিনেতার মৃত্যুর পরে।

## 'ফাটাকেষ্ট' মিঠুনকে ছেড়ে চলে যায় মেয়েটি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** এক সময় মন ভেঙেছিল ভারতীয় অভিনেতা মিঠুন চক্রবর্তীর। হঠাৎই তাকে ছেড়ে চলে গিয়েছিলেন প্রেমিকা। সম্প্রতি এক রিয়্যালিটি শো-তে অতীতের কথা প্রকাশ্যে আনলেন তিনি। বিখ্যাত হওয়ার আগে সিনেমার দুনিয়ায় জায়গা করে নিতে বেশ লড়াই করতে হয়েছিল অভিনেতাকে। আর সেই সময়েই মন ভেঙেছিল তার। রিয়্যালিটি শো-তে প্রেম ভাঙায় এক প্রতিযোগীর মনখারাপ ছিল। অভিনেতা সেই প্রসঙ্গেই বললেন, 'এ রকমই হয়েছিল আমার। প্রেমে পড়ে গিয়েছিলাম। পাগল হয়ে গিয়েছিলাম রীতিমতো। তার পরে সেটাই হল। মেয়েটি ছেড়ে চলে গেল। তার পরে সময় বদলাল। আমি তারকা হলাম। তার পর আরও বড় তারকা হলাম।'

মিঠুন আরও বললেন, 'একদিন আমি বিমানযাত্রা করছি। সেই মেয়েটিও ছিল ওই বিমানে। কিন্তু ও আমার চোখের দিকে তাকাচ্ছিল না। আমি উঠে ওর দিকে গেলাম। জিজ্ঞাসা করলাম, আমার দিকে তাকাচ্ছ না কেন'। ও তখন তাকাল। মনে হল, ওর অনুতাপ হচ্ছে। আমি ওকে সহজ করার জন্য বললাম, 'তখন তুমি যা করেছিলে, ঠিক করেছিলে'।'

এটা শুনে মেয়েটি কিছুটা আশ্বস্ত হয়েছিলেন বলে জানান মিঠুন। মেয়েটি বলেছিলেন, 'আমার মনে হয়, আমি ভুল করেছি। আমার ওটা তখন করা উচিত হয়নি।' উত্তরে মিঠুন বলেছিলেন, 'তুমি এ সব না করলে হয়তো এত বড় তারকাও তৈরি হত না।'

## ভারতের সবচেয়ে ধনী নায়িকা ঐশ্বরিয়া, সম্পত্তির পরিমাণ কত



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অনেকেই ভাবেন দক্ষিণী নায়িকা নয়নতারা বোধহয় ভারতের সবথেকে ধনী নায়িকা। কারণ তার নিজস্ব প্লেন রয়েছে। অনেকের ধারণা আলিয়া বা দীপিকাই সবচেয়ে ধনী। কিন্তু এই সব ধারণাই ভুল। ভারতের সর্বোচ্চ ধনী নায়িকার মুকুট এখনো সাবেক বিশ্বসুন্দরী ঐশ্বরিয়া রাই বচ্চনের দখলে।

নিউজ এইটটিনের এক প্রতিবেদনে বলা হয়েছে, চলতি বছরের হিসেব অনুযায়ী, ঐশ্বরিয়ার বর্তমান সম্পত্তির পরিমাণ প্রায় ৭৭৬ কোটি টাকা। অভিষেক বচ্চনের স্ত্রী সম্পদের পরিমাণে পেছনে ফেলেছেন বর্তমান সময়ের অনেক নায়িকাদের।

ঐশ্বরিয়ার পরে ভারতের ধনী নায়িকাদের মধ্যে দ্বিতীয় স্থানে আছেন প্রিয়াঙ্কা চোপড়া। তার মোট সম্পত্তির পরিমাণ ৬২০ কোটি টাকা। তালিকায় তৃতীয় স্থানে আছেন আলিয়া ভাট। তার মোট সম্পত্তির পরিমাণ প্রায় ৫১৭ কোটি টাকা। আর ভারতের ধনী নায়িকাদের তালিকায় চতুর্থ স্থানে আছেন কারিনা কাপুর খান। তার মোট সম্পত্তির পরিমাণ ৪৮৫ কোটি টাকা। এরপরেই রয়েছেন দীপিকা পাড়ুকোন। এই অভিনেত্রীর মোট মোট সম্পত্তির পরিমাণ ৩১৪ কোটি টাকা।

তালিকায় ষষ্ঠ স্থানে আছেন আনুশকা শর্মা। তার মোট সম্পত্তি ২৫৫ কোটি টাকার। ভারতের অন্যান্য ধনী নায়িকাদের মধ্যে আছেন মাধুরী দীক্ষিত নেনে (তার মোট সম্পত্তি ২৪৮ কোটির), কাজল (তার মোট সম্পত্তি ২৪০ কোটির), ক্যাটরিনা কাইফ (তার মোট সম্পত্তি ২২৪ কোটির), শিল্পা শেঠি (তার মোট সম্পত্তি ১৫৮ কোটির), নয়নতারা (তার মোট সম্পত্তি ২০০ কোটির) ও রানি মুখার্জি (তার মোট সম্পত্তি ২০০ কোটির)।



## সৎ মেয়েকে নিয়ে মুখ খুললেন দিয়া মির্জা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রায়ই পুত্র আভ্যান সম্পর্কে সমাজমাধ্যমে নানা ঘটনা ভাগ করে নেন অভিনেত্রী দিয়া মির্জা। এবার সৎ মেয়ে সামাইরা রেখিকে নিয়ে কথা বললেন অভিনেত্রী। এক সাক্ষাৎকারে মা দিবস প্রসঙ্গে বলতে গিয়ে সামাইরাকে নিয়ে কথা বললেন দিয়া।

দিয়া জানান, সম্পর্কে মা-মেয়ে হলেও তাকে সামাইরা 'মা' বলে সম্বোধন করে না। সামাইরার দেখাদেখি নিজের ছেলে আভ্যানও একই কাজ করে বলে জানান তিনি।

দিয়া বলেন, সামাইরা আমায় 'মা' বলে কখনও ডাকেনি। আমারও কোনও প্রত্যাশা নেই, ও আমায় 'মা' সম্বোধন করবে। ওর নিজের মা রয়েছে, যাকে ও 'মা' বলেই ডাকে। সামাইরা আমায় 'দিয়া' বলে। আর সেটা দেখে আভ্যানও আমায় মাঝে মাঝে 'দিয়া' বলে ডাকে। আবার কখনও 'দিয়া মম' বলেও ডাকে। এটা আমার কাছে খুব মজার লাগে!

মা দিবস উপলক্ষে দিয়া, সামাইরা ও আভ্যান দু'জনের সঙ্গেই ছবি শেয়ার করেন সমাজমাধ্যমে। ক্যাপশনে তিনি লিখেছেন, 'আমার জীবনের সব চেয়ে বড় প্রাপ্তি হল আমি তোমাদের মা হতে পেরেছি। সামাইরা ও আভ্যান, তোমরা আমায় ভরিয়ে দিয়েছো।'

২০২১ সালে মুম্বাইতে ব্যবসায়ী বৈভব রেখিকে বিয়ে করেন দিয়া। সেই বছরই আভ্যানের জন্ম। কিন্তু জন্মের সময়ে বেশ কিছু শারীরিক জটিলতার সম্মুখীন হতে হয় সদ্যজাতকে। অন্য দিকে বৈভব ও তার প্রথম স্ত্রীর সন্তান সামাইরা।

দিয়া মির্জাকে শেষ দেখা গিয়েছে 'ধক ধক' ছবিতে। তিনি ছাড়াও এই ছবিতে ছিলেন রত্না পাঠক শাহ, ফাতিমা সানা শেখ ও সঞ্জনা সংঘি।

## অ্যালিস্টারের ক্লান্তির কারণেই জয়হীন লিভারপুল?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : চলতি মৌসুমে প্রিমিয়ার লিগের অন্যতম দাবিদার ছিল লিভারপুল। মৌসুমের শেষ দিকে এসে লিগ, ইউরোপা লিগ; সব লড়াই থেকে একে একে ছিটকে গেছে জার্গেন ক্লপের দল। ক্লান্তিকে যার কারণ মনে করা হচ্ছে। আসরে দলটির সেরা পারফর্মার ম্যাক অ্যালিস্টারের ক্লান্তির কারণেই নাকি সোমবার লিভারপুল জয়হীন রাত কাটিয়েছে। অ্যাস্টন ভিলার বিপক্ষে লিভারপুল ম্যাচের ৪৮ মিনিটে ৩-১ গোলের লিড নেয়। কিন্তু ৮৫ ও ৮৮ মিনিটে গোল করে ম্যাচ সমতা করে ফেলে উনাই এমেরির দল। এর মধ্যে সমতা সূচক গোলটি এসেছে লিভারপুল মিডফিল্ডার অ্যালিস্টারের ভুল পাস থেকে। শুধু ওই ভুল পাস নয় দ্বিতীয়ার্ধজুড়ে অ্যালিস্টার বেশ বাজে ফুটবল খেলেছেন। ম্যাচে আর্জেন্টাইন মিডফিল্ডার ও রেডসদের নাম্বার টেনের ক্লান্তি স্পষ্ট ছিল। তবু তাকে বদলি না করায় জার্গেন ক্লপের কৌশল নিয়েও প্রশ্ন উঠছে। অথচ মৌসুম জুড়ে ম্যাক অ্যালিস্টার পারফরম্যান্সের সুবাদে প্রিমিয়ার লিগের অন্যতম সেরা মিডফিল্ডারের তকমাই পাবেন। শেষে এসেই যেন দলের মতো পথ হারালেন তিনিও।

## দুই বুড়োর চুক্তি নিয়ে বেকায়দায় রিয়াল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : দল বদলের বাজারে গত কয়েক বছর অসাধারণ পারদর্শীতা দেখিয়েছে রিয়াল মাদ্রিদ। যখন যাকে ছাড়ার দরকার ছেড়েছে, আবার দরকার মতো খেলোয়াড়ও কিনেছি। ফ্রি এজেন্টে বাগিয়েছে বড় বড় দান। তবে এবার দুই ক্লাব কিংবদন্তি লুকা মডরিচ ও টনি ক্রুসকে নিয়ে উভয় সংকটে পড়েছে লস ব্লাঙ্কোস বোর্ড। গত কয়েক বছরে রিয়াল মাদ্রিদের ক্যাম্প ছেড়েছেন করিম বেনজেমা, কাসেমিরো, এডেন হ্যাজার্ড, গ্যারেথ বেলরা। আবার রুডিগার, ডেভিড আলাবাদের ফ্রি এজেন্টে দলে নিয়েছে তারা। কিলিয়ান এমবাপ্পেও ফ্রি'তে রিয়ালে আসার পথে। ভিনিসিয়াস-রদ্রিগো-বেলিংহামে বিনিয়োগও কাজে দিয়েছে। এখন মডরিচ ও ক্রুসের বিষয়ে সিদ্ধান্তে আসতে পারছে না ফ্লোরেন্তিনো পেরেজরা। চলতি মৌসুম শেষেই কিংবদন্তি দুই মিডফিল্ডারের সঙ্গে চুক্তি শেষ রিয়ালের। তবে তাদের বিষয়ে আগামী সপ্তাহেই সিদ্ধান্তে পৌছে যেতে পারে রিয়াল। সংবাদ মাধ্যম সূত্রে যতটুকু জানা গেছে, ৩৯ বছরে পা দেওয়ার পথে থাকা মডরিচের সঙ্গে চুক্তি নবায়ন নাও করতে পারে রিয়াল মাদ্রিদ। তাকে কোচিং স্টাফে যোগ দেওয়ার প্রস্তাব দিতে পারে রিয়াল। তবে লুকা আরও এক মৌসুম ইউরোপে না হোক ইউরোপের বাইরে খেলতে চান। অন্য দিকে ৩৪ বছরের ক্রুসের সঙ্গে এক বছরের চুক্তি নবায়ন করতে পারে ব্লাঙ্কোসরা।

রিয়ালের নিয়মই এটা- ৩০ উর্ধ্বো কোন খেলোয়াড়ের সঙ্গে চুক্তি নবায়ন করলে তা হয় এক বছরের। ক্রুসের সঙ্গেও হয়েছে এমনটা। লুকা-টনির পাশাপাশি আরও এক অভিজ্ঞ ফুটবলারের বিষয়ে সিদ্ধান্তে আসতে পারে রিয়াল। তিনি ন্যাচো ফার্নান্দেজ। ৩৪ বছরের ডিফেন্ডারের সঙ্গেও মৌসুম শেষে চুক্তি শেষ রিয়ালের। এসি মিলানে যোগ দেওয়ার গুঞ্জন আছে তার।

## রিয়াল সোসিয়েদাদকে হারিয়ে শীর্ষ দুইয়ে বার্সেলোনা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : বার্সেলোনার মাঠে শুরুতে আধিপত্য রিয়াল সোসিয়েদাদের। তাতে আশঙ্কা জাগছিল জিরোনার বিপক্ষে ম্যাচের মতো আরও একটি বিপর্যয়ের। কিন্তু সময় গড়াতেই ম্যাচের নিয়ন্ত্রণ নিয়ে নেয় জাভি হার্নান্দেজের দল। পরিকল্পিত ফুটবল খেলে সহজ জয়ই পেয়েছে রিয়াল সোসিয়েদাদের বিপক্ষে।

১৩ মে ঘরের মাঠে রিয়াল সোসিয়েদাদকে ২-০ গোলে হারিয়ে পয়েন্ট তালিকার দুইয়ে উঠে এসেছে বার্সেলোনা। প্রথমার্ধে লামিনে ইয়ামালের গোলে এগিয়ে যাওয়ার পর ম্যাচের অন্তম মুহূর্তে রাফিনিয়া স্পটকিকে গোল করে ব্যবধান দ্বিগুণ করেন।

আগের ম্যাচে জিরোনার বিপক্ষে ৪-২ গোলে হেরে পয়েন্ট তালিকার তিনে নেমে গিয়েছিল বার্সেলোনা। তবে গত শুক্রবার (১০ মে) আলাভেসের সঙ্গে ২-২ গোলে ড্র করেছে জিরোনা। ফলে ফের হারানো অবস্থান পুনরুদ্ধারের সুযোগ পায় জাভি হার্নান্দেজের দল।

এদিন শুরুতে বার্সেলোনাকে বেশ চেপে ধরে সোসিয়েদাদ। শুরুতে ভালো সুযোগ পেলেও তা নষ্ট করেন শেরালদো বেকার। তবে ২২তম মিনিটে ফের সুযোগ পেয়ে বল জালে পাঠান বেকার। কিন্তু সেই গোল অফসাইডের কারণে বাতিল করে দেন রেফারি।

এর চার মিনিট পর প্রথম সুযোগ পায় বার্সা। দারুণ কারিকুরি দেখিয়ে সোসিয়েদাদের ডি-বক্সে ঢুকে পড়েন ইয়ামাল। কিন্তু পাকেচুর শেষ মুহূর্তের স্লাইডিং ট্যাকলে আর শট নেয়া হয়নি ইয়ামালের। ৩১ মিনিটে দূরপাল্লার হেডে ভাগ্য পরীক্ষা করেন রবার্ট লেভানদোভস্কি। কিন্তু কাজে লাগেনি তার চেষ্টা। এর আট মিনিট পর রাফিনিয়ার দূরপাল্লার শট পোস্টে লেগে প্রতিহত হয়। তবে ফিরতি বল পান জার্মান মিডফিল্ডার ইলকায় গুন্দোয়ান। যথেষ্ট সময় পেয়েও তাড়াহুড়ায় শট লক্ষ্যে রাখতে পারেনি তিনি।

৩৯ মিনিটে এগিয়ে যায় বার্সা। লেভানদোভস্কির থ্রু পাস গুন্দোয়ানের পা ঘুরে খুঁজে নেয় ইয়ামালকে। আড়াআড়ি শটে বল জালে পাঠান ১৬ বছর বয়সী এই ফরোয়ার্ড। চলতি মৌসুমে লিগে এটি তার পঞ্চম গোল।

এর চার মিনিট পর সমতায় ফেরার সুযোগ এসেছিল সোসিয়েদাদের সামনে। কিন্তু শট লক্ষ্যে রাখতে পারেননি বেকার।

দ্বিতীয়ার্ধের শুরু থেকেই চালকের আসনে বার্সা। শুরুতেই ব্যবধান বাড়ানোর সুযোগ পেয়েছিল তারা। ৪৮ মিনিটে রাফিনিয়ার শট ক্রসবার ঘেঁষে বেরিয়ে যায়। ৬৫ মিনিটে তার আরেকটি দূরপাল্লার শট ঝাঁপিয়ে ঠেকিয়ে দেন সোসিয়েদাদের গোলরক্ষক রোমেরো।

৬৭ মিনিটে গুন্দোয়ানের ভুল পাস থেকে দারুণ সুযোগ পেয়েছিল সোসিয়েদাদ। চ্যালেঞ্জ এড়িয়ে আড়াআড়ি শট নিয়েছিলেন ব্রাইস মেন্দেস। কিন্তু তার শট লক্ষ্যভ্রষ্ট হয়।

৭৯ মিনিটে ফেরান তোরেস ও ৮২ মিনিটে রাফিনিয়া আরও একবার ব্যর্থ হন। ব্যর্থ হন ইয়ামালও। কিন্তু তারপরও একের পর এক আক্রমণ চালিয়ে গেছে বার্সা। যার ফলও পায় তারা।

৮৮ মিনিটে রাফিনিয়ার ফ্রি কিক আলভারো আদ্রিওজোলার হাতে লাগে। ভিএআরে দেখে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। স্পটকিকে রোমেরোকে ফাঁকি দেন রাফিনিয়া।

এই জয়ে ৩৫ ম্যাচে ২৩ জয় ও ৭ ড্রয়ে ৭৬ পয়েন্ট নিয়ে দুইয়ে উঠেছে বার্সেলোনা। এক পয়েন্ট কম নিয়ে তিনে জিরোনা। ৯০ পয়েন্ট নিয়ে ধরাছোঁয়ার বাইরে রিয়াল মাদ্রিদ।

## তর্কযুদ্ধে এমবাপ্পে-খেলাইফি, 'দেয়াল কাঁপানো' চিৎকার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : কিলিয়ান এমবাপ্পের প্যারিস অধ্যায় তিক্ততায় শেষ হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্যারিস ছাড়ার ঘোষণা দেন ফ্রান্সম্যান। সেখানে এক বার্তায় অনেককে ধন্যবাদ জানান এই বিশ্বকাপ জয়ী ফুটবলার। ক্লাবের কোচ, স্টাফ, কর্মকর্তাদের স্মরণ করেন।। কিন্তু ধন্যবাদ বার্তায় ক্লাবের কাতারি প্রেসিডেন্ট নাসের আল খেলাইফির নাম নেননি তিনি। বিষয়টি নিয়ে মনে মনে ক্ষুব্ধ ছিলেন আল খেলাইফি। সংবাদ মাধ্যম লা প্যারিসিয়াস দাবি করেছে, তুলুজের বিপক্ষে ম্যাচের আগে আলাদা কক্ষে এমবাপ্পেকে ডাকেন ক্লাব প্রেসিডন্ট। বিদায়ী বার্তায় তার নাম না নেওয়া ও ধন্যবাদ না জানানোর কারণ জানতে চান। দু'জনের ব্যক্তিগত আলাপ এক পর্যায়ে তর্ক যুদ্ধে পরিণত হয়। তারা একে অপরের প্রতি চিৎকার পর্যন্ত শুরু করেন। আবদ্ধ রুমে কথা কাটাকাটি হলেও কাছাকাছি ছিলেন এমন এক সূত্র সংবাদ মাধ্যম লা প্যারিসিয়াসকে জানিয়েছে, তাদের চিৎকারে দেয়াল পর্যন্ত কেঁপে ওঠে। ক্লাব প্রেসিডেন্টের সঙ্গে ঝামেলা নিয়েই প্যারিসে শেষ ম্যাচ খেলতে নামেন এমবাপ্পে। ফলাফল তুলুজের বিপক্ষে ৩-১ গোলের হার। ওখানেই শেষ নয়, পিএসজির ভক্তরা তাকে ম্যাচের শুরু থেকে শেষ পর্যন্ত দুয়ো দিয়েছেন। লিগে পিএসজির এখনও দুই ম্যাচ বাকি আছে। দুটিই অ্যাওয়ে ম্যাচ। এমবাপ্পে তাই প্যারিসে শেষ ম্যাচ খেলে ফেলেছেন।

## চমক রেখে আর্জেন্টিনার অনূর্ধ্ব-১৭ দল ঘোষণা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : গত বছর অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো অনূর্ধ্ব-১৭ দক্ষিণ আমেরিকান ফুটবল টুর্নামেন্ট। কিন্তু গেলো বছর স্থগিত করা হয় টুর্নামেন্টটি। চলতি বছরের আগস্টে বলিভিয়াতে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে যুব ফুটবলারদের এই আসর। উক্ত টুর্নামেন্টকে সামনে রেখে দুই প্রীতি ম্যাচে মাঠে নামবে আর্জেন্টিনার অনূর্ধ্ব-১৭ দল। সেই দুই ম্যাচের জন্য ২৬ সদস্যের শক্তিশালী দল ঘোষণা করেছে তারা। দিয়েগো প্ল্যাসেন্তের কোচিংয়ে আর্জেন্টিনা অনূর্ধ্ব-১৭ দল লিওনেল আন্দ্রেস মেসি স্টেডিয়ামে দুই প্রীতি ম্যাচে মাঠে নামবে। ১৪ মে প্রথম ম্যাচে বলিভিয়ার বিপক্ষে লড়বে তারা। একদিন বিরতি দিয়ে বৃহস্পতিবার (১৬ মে) প্যারাগুয়ের বিপক্ষে মাঠে নামবে তারা। আর্জেন্টিনা অনূর্ধ্ব-১৭ দল:

অগাস্টিন মার্টিনেজ, ডায়লান মার্টিনেজ, রামিরো ভুরাত্তি, ফ্রান্সিসকো আকোস্তা, লুকাস কোরোনেল, মাতেও মার্টিনেজ, থিয়াগো ইয়ানেজ, মাতিয়াস সাতাস, আলেজান্দ্রো টেললো, এবার অকোমপেস, বেঞ্জামিন ফারিনা, সান্তিয়াগো এসপিন্দোলা, কায়েতানো সান্তারিল্লি, জুয়ান মেজা, জেরিনিমো গোমেজ, মার্কোস অর্তিজ, লাউতারো পেরেরা, বাউতিস্তা কানতেরো, টমাস পারমো, সান্তিনো জিলেটি, ফিলিপ ইস্কুয়েভিল, মাকেল গাইদিস, থমাস মার্টিজ, জিনো পাভোনি, জুয়ান পুলিশেল্লা, এলেক্স ভেরন।

## কোহলি বাবরের 'শিক্ষক'!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : সামনেই টি-টোয়েন্টি বিশ্বকাপ। তার আগে সাদা বলের ক্রিকেটে বাবর আজমকে আবার অধিনায়ক করেছে পাকিস্তান। দায়িত্ব ফিরে পেলেও বাবর মনে করছেন, তার শেখার অনেক কিছু রয়েছে। শেখার জন্য তিনি 'গুরু' হিসেবে বেছে নিয়েছেন বিরাট কোহলিকে। ভারতের সাবেক অধিনায়কের ব্যাটিং এবং নেতৃত্বের দক্ষতায় আস্থাশীল বাবর। কোহলির কাছ থেকে সব সময় শেখার চেষ্টা করেন তিনি। দেখা হলেই চেয়ে নেন প্রয়োজনীয় পরামর্শ। কোহলিও ফেরান না পাক অধিনায়ককে। পাকিস্তানের ক্রিকেটপ্রেমীদের একাংশ তাঁর সঙ্গে কোহলির তুলনাও করেন। বিষয়টি উপভোগ করেন পাক অধিনায়কও। রমিজ রাজাকে দেওয়া এক সাক্ষাৎকারে বাবর বলেছেন, 'কোহলির মতো কারও সঙ্গে তুলনা হলে ভালই লাগে। যখনই দেখা হয় ওর কাছে কিছু না কিছু শেখার চেষ্টা করি।'

বিশ্বকাপের প্রস্তুতির জন্য আয়ারল্যান্ড সফরে আছে পাকিস্তান। তিনটি টি-টোয়েন্টি ম্যাচ খেলার কথা দু'দলের। প্রথম ম্যাচে আইরিশদের কাছে হেরে গিয়েছেন বাবরেরা। দ্বিতীয় ম্যাচ দিতে সিরিজে সমতা ফিরিয়েছেন। এর পর ইংল্যান্ডের সঙ্গে চার ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলে বিশ্বকাপ খেলতে যাবেন বাবরেরা।

সম্প্রতি টি-টোয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেটে কোহলির একটি নজির স্পর্শ করেছেন বাবর। ২০ ওভারের ক্রিকেটে ৫০ বা তার বেশি রানের ৩৮টি ইনিংস খেলেছেন কোহলি। যা বিশ্বে সর্বোচ্চ। আয়ারল্যান্ডের বিরুদ্ধে প্রথম টি-টোয়েন্টি ম্যাচে কোহলির এই রেকর্ড স্পর্শ করেছেন বাবর।

## আইপিএল ছাড়লেন লিভিংস্টোন



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : আর কিছুদিন পরই যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু হবে। তাই হাঁটুর চোটটা আগেভাগেই সারতে আইপিএল ছাড়লেন পাঞ্জাব কিংসের হয়ে খেলা ইংলিশ অলরাউন্ডার লিয়াম লিভিংস্টোন।

সামাজিক যোগাযোগ মাধ্যম ইনস্টাগ্রামে এ তথ্য নিজেই জানিয়েছেন তিনি।

ইনস্টাগ্রামে লিভিংস্টোন লিখেছেন, এবারের মতো আমার আইপিএল যাত্রা শেষ হলো। বিশ্বকাপের জন্য হাঁটুটা ঠিক করতে হবে। ভালোবাসা ও সমর্থনের জন্য পাঞ্জাব কিংসের সব ভক্তদের ধন্যবাদ। দল ও ব্যক্তিগত জায়গা থেকে মৌসুমটা হতাশার। তবে বরাবরের মতোই আইপিএলে প্রতিটি মিনিট উপভোগ করেছি।

চলতি আইপিএলে ১২ ম্যাচের মধ্যে আটটিতে হেরেছে পাঞ্জাব। জয় পেয়েছে ৪ ম্যাচে। এতে করে সুপার ফোরে যাওয়ার আশা শেষ হয়ে গেছে তাদের। লিভিংস্টোনের হাঁটুতে তেমন কোনো ইনজুরি নেই। তবে বিশ্বকাপের আগে বিশ্রাম নিয়ে তিনি পুরোপুরি ফিট হতে চান বলে জানা গেছে।

## রিজার্ভ ডে সংকটে টি-২০ বিশ্বকাপ



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন** : ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে অনুষ্ঠেয় টি-২০ বিশ্বকাপের সেমিফাইনাল ও ফাইনালের জন্য রিজার্ভ ডে রাখার সিদ্ধান্ত হয়েছে। আইসিসি মিডিয়া বার্তায় বলেছে, 'আইসিসির সভায় টি-২০ বিশ্বকাপের সেমিফাইনাল ও ফাইনালে রিজার্ভ ডে রাখার সিদ্ধান্ত হয়েছে।'

দ্বিতীয় সেমিফাইনাল রিজার্ভ ডেতে গেলে ফাইনালের আগে ২৪ ঘণ্টাও বিরতি পাবে না একটি দল। যা তাদের ফাইনালের পারফরম্যান্সে প্রভাব ফেলতে পারে। বিশ্বকাপের সূচি অনুযায়ী, ২৭ জুন ভোরে হবে প্রথম সেমিফাইনাল। দ্বিতীয় সেমিফাইনাল মাঠে গড়াবে একই দিন রাত আটটায়। ২৯ জুন সাড়ে আটটায় টি-২০ বিশ্বকাপের ফাইনাল মাঠে গড়াবে। রিজার্ভ ডে নিয়ম অনুযায়ী, প্রথম সেমিফাইনাল রিজার্ভ ডে'তে গেলে ২৮ জুন ভোরে বাকি অংশ মাঠে গড়াবে। কিন্তু দ্বিতীয় সেমিফাইনাল রিজার্ভ ডে'তে ২৮ জুন রাতে বাকি অংশ শেষ করা হবে। এরপর আবার ২৯ জুন সময় রাত আটটায় খেলতে হবে ফাইনাল। শুধু ফাইনাল খেলতে হলে সমস্যা ছিল না। এক ভেন্যু থেকে আরেক ভেন্যুতে ভ্রমণও করতে হবে। আর এই ঝামেলায় পড়ার সম্ভাবনা আছে আসরের অন্যতম ফেবারিট ভারতের। রোহিত শর্মার দল যদি ফাইনাল পর্যন্ত যেতে পারে দ্বিতীয় সেমিফাইনালে খেলতে হবে তাদের। আর দ্বিতীয় সেমিফাইনাল রিজার্ভ ডেতে গেলে ও ভারত জিতলে ২৪ ঘণ্টারও কম সময়ে ফাইনাল খেলতে হবে তাদের।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR